


ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৯ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com




JAGARAN ■ 11 September, 2023 ■ আগরতলা ১১ সেপ্টেম্বর ২০২৩ ইং ■ ২৪ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ, সোমবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

## জি-২০ শিখর সম্মেলনের সমাপ্তি

# নভেম্বরে ভার্চুয়াল বৈঠক, সকলকে যুক্ত হওয়ার আহ্বান প্রধানমন্ত্রীর

**নয়াদিল্লি, ১০ সেপ্টেম্বর (হি.স.):** ভারতের পৌরহিত্য অষ্টাদশ জি-২০ শিখর সম্মেলনের সমাপ্তি ঘোষণা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। রবিবার জি-২০ শিখর সম্মেলনের তৃতীয় অধিবেশন শেষে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন প্রধানমন্ত্রী। একইসঙ্গে নভেম্বর মাসে একটি ভার্চুয়াল সম্মেলন করার প্রস্তাব করেছেন মোদী, যাতে জি-২০ গোষ্ঠীর কাজ পর্যালোচনা করা যেতে পারে। সেই বৈঠকে সদস্যভুক্ত সমস্ত নেতাদের যোগ দেওয়ার আহ্বান জানান প্রধানমন্ত্রী।

প্রধানমন্ত্রী মোদী বলেছেন, জি-২০ শিখর সম্মেলনে ''এক পৃথিবী, এক পরিবার, এক ভবিষ্যতের'' একটি রোড ম্যাপ তৈরি করা হয়েছে। এটি সমগ্র বিশ্বে আশা জাগিয়ে তুলবে এবং সকলের শুভ কামনায় তিনি শীর্ষ সম্মেলনের সমাপ্তি ঘোষণা করেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এদিন ব্রাজিলের রাষ্ট্রপতি লুইজ ইনাসিও লুলা দা সিলভার হাতে জি-২০ প্রেসিডেন্সির গেভেল (সভাপতির হাতুড়ি) তুলে দেন। নভেম্বরে ব্রাজিলের হাতে জি-২০-র প্রেসিডেন্সি তুলে দেবে ভারত।

প্রধানমন্ত্রী এদিন বলেছেন, 'আপনারা সবাই জানেন, ২০২৩ সালের নভেম্বর পর্যন্ত ভারত জি-২০-র সভাপতির দায়িত্ব রয়েছে। এই দুই দিনে, আপনারা সবাই অনেক পরামর্শ দিয়েছেন এবং প্রস্তাব দিয়েছেন। আমরা যে সমস্ত পরামর্শগুলি পেয়েছি তা আবার পর্যালোচনা করা আমাদের কর্তব্য, যাতে অগ্রগতির গতি বাড়ানো যায়। আমি প্রস্তাব করছি, নভেম্বরের শেষে, আমরা জি-২০-এর একটি ভার্চুয়াল অধিবেশন করব। আমরা এই শীর্ষ সম্মেলনের সিদ্ধান্ত নেওয়া বিষয়গুলি সেই ভার্চুয়াল অধিবেশনে পর্যালোচনা করতে পারি...আমি আশা করি আপনারা সবাই ভার্চুয়াল অধিবেশনে সংযুক্ত হবেন...এর সঙ্গে, আমি জি-২০ শিখর সম্মেলনের সমাপ্তি ঘোষণা করছি।'

## রাজঘাটে মহাত্মা গান্ধীর প্রতি শ্রদ্ধা জানালেন রাষ্ট্রপ্রধানরা



**নয়াদিল্লি, ১০ সেপ্টেম্বর।।** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ পবিত্র রাজঘাটে জি২০ গোষ্ঠীর নেতৃবৃন্দের সঙ্গে মহাত্মা গান্ধীর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। শ্রী মোদী বলেন, গান্ধীজীর কালজয়ী আদর্শ আমাদের বিশ্বজুড়ে সম্প্রীতি, সমন্বিত ও সমৃদ্ধ ভবিষ্যৎ গড়ে তোলার যৌথ প্রয়াসকে পথ দেখায়। ☞ ৬ এর পাতায় দেখুন

## উপনির্বাচনে বামেদের লড়াইয়ে অসন্তোষ

# লোকসভায় একাই লড়তে চায় কংগ্রেস




**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১০ সেপ্টেম্বর।।** লোকসভা নির্বাচনের প্রস্তুতি নিয়ে সর্বভারতীয় কংগ্রেস কমিটির বৈঠকে যোগ দিতে যাচ্ছেন ত্রিপুরা প্রদেশ কংগ্রেস কমিটির সভাপতি আশীষ কুমার সাহা। রবিবার এ বিষয়ে সাংবাদিকদের মুখোমুখি হয়ে প্রদেশ কংগ্রেস সভাপতি বলেন কংগ্রেস আসন্ন লোকসভা নির্বাচনে লড়াই করতে চায়। তিনি এদিন রাজ্যে কংগ্রেস সিপিএম জোট নিয়ে পরোক্ষে ক্ষোভ প্রকাশ করেন। সম্প্রতি অনুষ্ঠিত রাজ্যের দুটি বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের ফলাফল সম্পর্কে মতামত ব্যক্ত করতে গিয়ে প্রদেশ কংগ্রেস সভাপতি বলেন এ ধরনের ফলাফল প্রত্যাশিত ছিল না। দেশের অন্যান্য রাজ্যগুলিতে অনুষ্ঠিত উপ নির্বাচন এবং ত্রিপুরায় অনুষ্ঠিত উপনির্বাচনে আকাশ-পাতাল ফারাক পরিলক্ষিত হয়েছে। ত্রিপুরার দুটি বিধানসভা কেন্দ্রের উপর নির্বাচনকে শাসকদল প্রহসনে পরিণত করেছে। প্রসঙ্গক্রমে তিনি বলেন মাত্র ৬ মাস আগে বক্সনগর বিধানসভা কেন্দ্রে বিরোধী দলের প্রার্থী পাঁচ হাজারেরও বেশি ভোটের ব্যবধানে জয়ী হয়েছিলেন। কিন্তু এবারের উপনির্বাচনে ব্যাপক সংখ্যক ভোটের ব্যবধানে বিরোধী দলের প্রার্থীর এই পরাজয় কোনভাবেই মেনে নেওয়া যায় না। উপ নির্বাচনকে প্রহসনে পরিণত করেছে বলেই এ ধরনের চিত্র পরিলক্ষিত হয়েছে বলে তিনি মন্তব্য করেন। এদিন তিনি পরোক্ষে বামেদেরও সমালোচনায় মুখর হন। তিনি বলেন শুধুমাত্র নির্বাচনে লড়াইয়ের জন্য লড়াই করলে চলবে না। নির্বাচনে লড়াই করতে হলে লড়াইয়ের মত লড়াই করতে হবে। প্রদেশ কংগ্রেস সভাপতি বলেন ইন্ডিয়া জোটের স্বার্থেই উপনির্বাচনে কংগ্রেস দল প্রার্থী দেয়নি। উপনির্বাচনে সিপিআইএম সেইভাবে লড়াই করতে পারেনি বলেও মন্তব্য করেন। নির্বাচনের সবাইকে নিয়ে ঐক্যবদ্ধভাবে আরো সক্রিয় লড়াই করা প্রয়োজন ছিল বলে অভিমত ব্যক্ত করেছেন প্রদেশ কংগ্রেস সভাপতি। তিনি বলেন এই রাজ্যে বিজেপির প্রতি মানুষের অনাস্থা বেড়েছে। এটিকে সঠিকভাবে কাজে লাগাতে হবে। রবিবার সাংবাদিকদের মুখোমুখি হয়ে প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা স্পষ্টই বার্তা দিয়েছেন লোকসভা নির্বাচনে এই রাজ্যের দুটি আসনেই কংগ্রেস দল লড়াই করতে চায়। সর্বভারতীয় কংগ্রেসের বৈঠকে তিনি বিষয়টি তুলে ধরবেন বলেও ইঙ্গিত দিয়েছেন।

## রেল চলার অপেক্ষায় আগরতলা - আখাউড়া

মনির হোসেন,ঢাকা,সেপ্টেম্বর ১০।। অবশেষে দ্বার খুলছে বহুল কাঙ্ক্ষিত আখাউড়া-আগরতলা রেলপথের। যুক্ত হচ্ছে বাংলাদেশ-ভারতের রেলপথ যোগাযোগের নতুন মাত্রা। কিছুদিনের মধ্যেই বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভার্চুয়ালি রেলপথটির উদ্বোধন করবেন বলে ধারণা করা হচ্ছে। এই রেলপথ চালুর পর দুই দেশের যোগাযোগব্যবস্থা যেমন সহজ করবে, তেমনি গতি আসবে আমদানি-রপ্তানি বাণিজ্যে। তবে কবে থেকে নিয়মিত এই পথে ট্রেন ছুটবে, তা এখনো নির্ধারণ হয়নি। কয়েক দফায় প্রকল্পটির মেয়াদ বাড়ানো হলেও বাড়েনি ব্যয়। বাংলাদেশ অংশের রেলপথের নির্মাণে ব্যয় ধরা হয় প্রায় ২৪১ কোটি টাকা। ভারতের ঠিকাদারি প্রতিষ্ঠান টেক্সমেকো রেল অ্যান্ড ইঞ্জিনিয়ারিং লিমিটেড এ রেলপথ নির্মাণ কাজ সম্পন্ন করেছে।

খোঁজ নিয়ে জানা যায়, ২০১৮ সালের জুলাইয়ে বাংলাদেশের রেলপথের সঙ্গে উত্তর-পূর্ব ভারতকে যুক্ত করতে ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়া এবং ভারতের ত্রিপুরার আগরতলা ডুয়েলগেজ ☞ ৬ এর পাতায় দেখুন

## বাবার নির্যাতনে অতিষ্ঠ হয়ে থানায় মামলা মেয়ের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১০ সেপ্টেম্বর।।** এক কলেজ পড়ুয়া ছাত্রী তার বাবার বিরুদ্ধে নির্যাতনের অভিযোগ এনে থানায় মামলা দায়ের করেছে। ঘটনা দক্ষিণ ত্রিপুরা জেলার বিলোনিয়ায়। অভিযুক্তের নাম লক্ষণ পাল। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় তীব্র চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। ঘটনার বিবরণে জানা যায়, লক্ষণ পাল নামে ওই ব্যক্তি প্রতিনিয়তই তার স্ত্রী বেনু বালা পাল ও কলেজ পড়ুয়া কন্যাকে শারীরিক ও মানসিকভাবে নির্যাতন করে আসছিল। নির্যাতনের মাত্রা ছাড়িয়ে যাওয়ায় শেষ পর্যন্ত বিলোনিয়া থানায় পিতার বিরুদ্ধে মামলা দায়ের করতে বাধ্য হয়েছে কন্যা। কলেজ পড়ুয়া ছাত্রীটি জানিয়েছে তার বাবা লক্ষণ পাল তার মা বেনু বালা পালকে প্রায়ই দাদুর বাড়ি থেকে টাকা পয়সা এনে দেওয়ার জন্য নির্যাতন চালিয়ে আসছে। টাকা পয়সা এনে না দেওয়ায় মা ও কন্যাকে হত্যা করে দেহ গুম করে ফেলার হুমকি দিয়ে আসছিল। গতকাল রাতেও লক্ষণ পাল তার স্ত্রী বেনু পালকে ছুরি দিয়ে আঘাত করে বলে অভিযোগ মেয়ের। প্রাণে বাঁচার জন্য ওই মহিলা বাড়ি থেকে পালিয়ে তার ভাসুরের বাড়িতে আশ্রয় নেওয়ার চেষ্টা করে। কিন্তু তাতেও তাকে রেহাই দেয়নি ☞ ৬ এর পাতায় দেখুন

## অতিরিক্ত ভাড়া আদায়ে অতিষ্ঠ যাত্রীরা, প্রশাসনের হস্তক্ষেপ দাবি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১০ সেপ্টেম্বর।।** গণ্ডাছড়া থেকে বিভিন্ন সড়কপথে যাতায়াতকারী যানবাহনগুলি যাত্রীদের কাছ থেকে নিয়ম বহির্ভূতভাবে অধিক ভাড়া আদায় করে চলেছে। এ বিষয়ে পরিবহন দপ্তর কিংবা প্রশাসন কোন ধরনের ব্যবস্থা গ্রহণ করছে না বলে গুরুতর অভিযোগ উঠেছে। যাত্রীদের বোকা বানিয়ে অধিক ভাড়া আদায় করে অর্থ লুটে করে নিচ্ছে যানবাহন গুলি। সিন্ডিকেটকে জানানো হলে রক্তচক্ষু দেখতে হয় বলেও অভিযোগ যাত্রীদের। ঘটনা গন্ডাছড়া থেকে অমরপুর, গন্ডাছড়া থেকে আমবাসা, গন্ডাছড়া থেকে রইস্যাবাড়ি রোডে।

মাত্র আটাশ কিলোমিটার রাস্তার জন্য যাত্রীদের গাড়ি ভাড়া গুনতে হয় একশো টাকা। অতিরঞ্জিত মনে হলেও এটাই বাস্তব। গন্ডাছড়া থেকে অমরপুর, গন্ডাছড়া থেকে রইস্যাবাড়ি, এবং গন্ডাছড়া থেকে আমবাসা একই ভাড়া দিতে হচ্ছে যাত্রীদের। কালাঝারি পাহাড় হয়ে গন্ডাছড়া থেকে অমরপুরের দুরত্ব মাত্র আটাশ কিলোমিটার। গন্ডাছড়া থেকে অমরপুর যাতায়াত করতে হলে সংশ্লিষ্ট যাত্রীদের ছোট গাড়িতে একশো টাকা ভাড়া গুনতে হয়। একই অবস্থা গন্ডাছড়া থেকে রইস্যাবাড়ি যাতায়াতে। গন্ডাছড়া থেকে রইস্যাবাড়ি দূরত্ব আটাশ কিলোমিটার। এই সড়কে বাস সার্ভিস নেই বললেই চলে। ফলে ছোট গাড়ি একমাত্র ভরসা। গন্ডাছড়া থেকে আমবাসা দূরত্ব ছাপ্পান্ন কিলোমিটার,,তাও ভাড়া একশো টাকা। উল্লেখ্য, গন্ডাছড়া মহকুমায় পরিবহণ দপ্তরের কার্যত কোনো অস্তিত্ব নেই। যানবাহনের উপর কোনো ধরনের নিয়ন্ত্রণও লক্ষ্য করা যায়নি কোনোদিন। ফলে বেশিরভাগ ছোট বড় যানবাহনেরই প্রয়োজনীয় কাগজপত্র সঠিক নেই। ঠিক তেমনি গাড়ি ভাড়া নির্ধারণ করার ক্ষেত্রেও কোনো ☞ ৬ এর পাতায় দেখুন

## রাস্তায় বাইক আটকে ছিনতাই পুলিশের জালে ৬ ছিনতাইকারী



**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ১০ সেপ্টেম্বর।।** বিশালগড় বাইপাস সড়ক থেকে শুরু করে কমলাসাগর উত্তম ভক্ত চৌমুহনী পর্যন্ত গত চার পাঁচ মাস ধরে ছিনতাইবাজদের আঁকড়া হিসেবে পরিণত হয়ে গিয়েছিল। সন্ধ্যা সাতটার পর বিশালগড় বাইপাস দিয়ে মানুষ চলাচল করতে ভয় পায়। প্রতিনিয়ত এই ছিনতাইকারীরা বিশালগড় বাইপাস সড়কে বিভিন্ন অসামাজিক কাজ করে যাচ্ছে। এই সমস্ত ছিনতাইবাজদের কারণে বিশালগড় বদনামের পথে। মানুষ প্রতিনিয়ত চোর ছিনতাই বাজদের কাছে প্রতারিত হয়ে বিশালগড় থানায় এসে রাতে অভিযোগ করে যেতেন। বিশালগড় উত্তম ভক্ত চৌমুহনী এলাকা থেকে বিশালগড় বাইপাস পর্যন্ত প্রতিনিয়ত রাতের আঁধারে গাড়িতে ঢিল ছুড়ে এই ছিনতাইবাজদের দল। গতকাল রাতে বিশালগড় থানা পুলিশ উত্তম ভক্ত চৌমুহনী এলাকার নাকা পয়েন্টে ☞ ৬ এর পাতায় দেখুন

## ১২ সেপ্টেম্বর নবনির্বাচিত সদস্যদের শপথ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১০ সেপ্টেম্বর।।** আগামী ১২ সেপ্টেম্বর, ২০২৩ ত্রয়োদশ ত্রিপুরা বিধানসভার নবনির্বাচিত সদস্যগণ শপথ গ্রহণ করবেন। এদিন দুপুর ১২টায় বিধানসভার লবিতে এই শপথ গ্রহণ পর্ব অনুষ্ঠিত হবে। ত্রিপুরা বিধানসভা সচিবালয়ের অতিরিক্ত সচিব এক প্রেস বি'প্তিতে এই সংবাদ জানিয়েছেন।

## ফল প্রকাশের দাবিতে বিক্ষোভ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১০ সেপ্টেম্বর।।** জে আর বি টি পরীক্ষার ফলাফল ঘোষণা এবং অবিলম্বে তাদেরকে চাকরিতে নিয়োগের ব্যবস্থা করার দাবিতে প্রতিবাদ বিক্ষোভ সংঘটিত করেছে পরীক্ষার্থীরা। তারা অফিস লেনে জেআরবিটি অফিসের সামনে বিক্ষোভ প্রদর্শন করে এদিন। বিক্ষোভকারীরা জানায় ২০২১ সালে তারা জেআরবিটি পরীক্ষা দিয়েছে। দু''বছর নয় মাস অতিক্রান্ত হওয়ার পরও তাদের পরীক্ষার ফলাফল এখনো ঘোষণা করা হয়নি। স্বাভাবিক কারণেই চাকুরী প্রার্থীরা মানসিকভাবে বিপর্যস্ত হয়ে পড়েছে তারা বারবার জেআরবিটি কর্তৃপক্ষের কাছে ফলাফল ঘোষণার জন্য দাবি জানিয়ে আসছে। কিন্তু কর্তৃপক্ষ এব্যাপারে কার্যকরী কোন পদক্ষেপ গ্রহণ করেনি। সে কারণেই ☞ ৬ এর পাতায় দেখুন




# দেশলাইয়ের কাঠিতে প্রধানমন্ত্রীর ছবি ফুঁটিয়ে তুললেন শিল্পী বিজয়

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১০ সেপ্টেম্বর।।** শিল্পীর নিপুন হাতের ছোঁয়া অনেক শিল্প তৈরি হয়।যা মানুষের মন ছুঁয়ে যায। ক্ষুদ্র ক্ষুদ্র জিনিস অনেক সময় মানুষ এগুলিকে প্রয়োজন ফুরিয়ে গেলে ফেলে দেয়। কিন্তু শিল্পী, শিল্পের জাদুতে তা নতুন মাত্রা এনে দেয়। মানুষকে ভাবিয়ে তুলে এই ক্ষুদ্র জিনিসের মধ্যেও অভিনবত্বের ছোঁয়া রয়েছে। ঠিক তেমনি এক অভিনবত্বের নিদর্শন রাখলেন জিবি পূর্ব চাঁদমারি এলাকা বাসিন্দা বিজয় দেবনাথ। তার হাতে তৈরি হচ্ছে একের পর এক অভিনব শিল্প সৌন্দর্যে ভরা সৃষ্টি। যা দেখে অবাক হতে হয়। অনেক ফেলে দেওয়া জিনিস দিয়ে তিনি তৈরি করেছেন নানা ধরনের জিনিসপত্র। টাকার অঙ্কে তা মূল্যায়ন না করে শিল্পীর শিল্পকর্ম কে স্বীকৃতি দেওয়াই হচ্ছে মুখ্য উদ্দেশ্য। আজ না হোক কাল তার সৃষ্টিকর্ম সাফল্যের শিখরে পৌঁছবে। কারণ তার নিশ্চয়ই একাগ্রতা বারবার প্রকাশ পাচ্ছে তার শিল্পকর্মে। বিজয়ের সৃষ্টি তে তৈরি হয়েছে দেশলাইয়ের কাঠি দিয়ে প্রধানমন্ত্রীর ছবি।

অভিনব হাতের কাজ। ফুটিয়ে তুলেছেন প্রধানমন্ত্রীর ছবি। প্রধানমন্ত্রীর হাতে এটি তুলে দিতে পারলেই সার্থক তার দক্ষতা। বিজয়ের এখন সেই স্বপ্নের দিন গুনছেন। দেশলাই কাঠিতে ফুটে উঠেছে প্রধান মন্ত্রীর ছবি। শিল্পী বিজয় দেবনাথ, পিতা লক্ষণ দেবনাথ। জিবি পূর্ব চানমারি এলাকার ছেলে বিজয় দেবনাথ ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ছবি বানিয়েছে ৫০০০ দেশলাই কাঠি দিয়ে। অভিনব কর্ম দক্ষতায় ফুটে উঠেছে তার এই শিল্প কলা। ছবিটির উচ্চতা ১৪ ইঞ্চি, পাশে ১১ ইঞ্চি। বিজয়ের এখন একটা স্বপ্ন যে ভারতের প্রধানমন্ত্রীর হাতে নরেন্দ্র মোদির দেশলাই দিয়ে বানানো এই ছবিটি প্রধানমন্ত্রীর হাতে তুলে দেওয়া। এই স্বপ্ন সত্যি করতে সরকারই তাকে সাহায্য করতে পারে। বিজয় সরকারের কাছে আবেদন করেছে যে ও স্বপ্ন পূরণ করতে সরকার যেন তাকে সাহায্যের হাত বাড়িয়ে দেয়।

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৬৯ ▫ সংখ্যা ৩২৮ ▫ ১১ সেপ্টেম্বর ২০২৩ইং ▫ ২৪ ভাদ্র ▫ সোমবার ▫ ১৪৩০ বঙ্গাব্দ

## পারমাণবিক ক্ষেত্রে ভারতের গুরুত্ব

ভারত দ্রুত নিজেদের পারমাণবিক শক্তি বৃদ্ধি করিতেছে। এমনই মত স্টকহম ইন্টারন্যাশনাল পিস রিসার্চ ইনস্টিটিউটের। সম্প্রতি এই সংক্রান্ত একটি রিপোর্ট প্রকাশ করিয়া সুইডেন ভিত্তিক এই ''থিংক ট্যাঙ্ক''। তাহাতে বলা হইয়াছে, চিনের যেকোনও জায়গায় আঘাত হানিতে সক্ষম দূরপাল্লার অস্ত্রের'এর আগে ভারত স্বল্প দূরত্ব এবং মাঝারি পাল্লার পারমাণবিক অস্ত্রের দিকে বেশি নজর দিত। তবে সম্প্রতি দূরপাল্লার পারমাণবিক অস্ত্রের দিকেও নজর দিতে শুরু করিয়াছে ভারত। এই নিয়ে সুইডিশ থিংক ট্যাংকের দাবি, সীমান্তের দু''দিক থেকেই চাপ আসায় নিজেদের কৌশল পরিবর্তন করিয়াছে ভারত। ভারত ও পাকিস্তান উভয় দেশই নিজেদের পারমাণবিক অস্ত্র ভাণ্ডার বাড়াইয়া চলিয়াছে। গত একবছরে ভারতের অস্ত্রভাণ্ডারে ৪টি পারমাণবিক অস্ত্র সংযোজন হইয়াছে। অপরদিকে পাকিস্তানের ভাণ্ডারে আনুমানিক পাঁচটি নয়া পারমাণবিক অস্ত্র যোগ হইয়া থাকিতে পারে। এদিকে সম্প্রতি ভারতীয় সামরিক বাহিনীর অস্ত্রাগারে যোগ হইয়াছে অগ্নি প্রাইম। এই মিসাইলটি ২০০০ কিমি দূরে অবস্থিত যেকোনও লক্ষ্যবস্তুকে নিখুঁত ভাবে ধ্বংস করিয়া দিতে পারে। ১৯৯৮ সালের পোখরান পরমাণু পরীক্ষার ২৫ বছর পর ভারতীয় সামরিক বাহিনীতে জুড়িয়াছে অগ্নি প্রাইম মিসাইল। এতে ভারতের পারমাণবিক শক্তি আরও বৃদ্ধি পাইবে বলিয়া মত বিশেষজ্ঞদের। ২০০৩ সালেই ভারত ''প্রথমে পরমাণু বোমা ব্যবহার না করিবার'' নীতি গ্রহণ করিয়াছিল। তবে পাকিস্তান এবং চিনের হামলা থেকে দেশকে সুরক্ষিত করিতে এই পরমাণু অস্ত্রর বড় ভূমিকা রহিয়াছে।অগ্নি সিরিজের ক্ষেপণাস্ত্রগুলি ভারতের পারমাণবিক বোমা বহনের অন্যতম গুরুত্বপূর্ণ অস্ত্র। ডিআরডিও এর আগে পাকিস্তানের ওপর ফোকাস করিয়া ৭০০ কিনি রেঞ্জের অগ্নি-১ তৈরি করিয়াছিল। এছাড়াও ২০০০ কিমি রেঞ্জের অগ্নি-২, ৩০০০ কিমি রেঞ্জের অগ্নি-৩, ৪০০০ কিমি রেঞ্জের অগ্নি-৪ এবং পাঁচ হাজার কিমি রেঞ্জের অগ্নি-৫ তৈরি করিয়াছে ডিআরডিও। এই সিরিজের নয়া সংযোজন অগ্নি প্রাইন। এদিকে স্বল্প পরিসরের ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রের মধ্যে ভারতের কাছে আছে 'পৃথ্বী'। এদিকে সুইডিশ থিংক ট্যাঙ্কের রিপোর্ট অনুযায়ী, বর্তমান বিশ্বে মোট ৯টি পরমাণু শক্তিধর দেশ রহিয়াছে। এর মধ্যে দূর পাল্লার পারমাণবিক মিসাইলের সংখ্যা বাড়িয়া চলিয়াছে চিন। রিপোর্ট অনুযায়ী, এই দশক শেষ হইতে হইতে আইসিবিএম বা আন্তঃ মহাদেশ পারমাণবিক ক্ষেপণাস্ত্রের সংখ্যায় আমেরিকাকে ছুঁইয়া ফেলিতে পারে চিন।

## দেশের উন্নয়নে পণ্ডিত গোবিন্দ বল্লভ পন্তের অবদান অবিস্মরণীয় : ধামি

দেহরাদূন, ১০ সেপ্টেম্বর (হি.স) : ভারতরত্ন পন্ডিত গোবিন্দ বল্লভ পন্তকে তাঁর জন্মবার্ষিকীতে স্মরণ করলেন উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি। মুখ্যমন্ত্রী বলেন, দেশের উন্নয়নে বল্লভ পন্ত-এর অবদান সর্বদা স্মরণযোগ্য।

মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি পণ্ডিত গোবিন্দ বল্লভ পন্তের প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন। ভারতরত্ন প্রয়াত ড় পন্ত ছিলেন একজন মহান স্বাধীনতা সংগ্রামী, দেশপ্রেমিক, সমাজসেবক এবং দক্ষ প্রশাসক বলেও মন্তব্য করেন মুখ্যমন্ত্রী। তিনি বলেন, পন্ডিত পন্ত দেশকে একটি নতুন দিকনির্দেশ করবার জন্য কাজ করেছিলেন।

মুখ্যমন্ত্রী বলেন, কুলি, জবরদস্তি শ্রম ও জমিদারি প্রথা বিলুপ্তির জন্য কঠোর সংগ্রাম করে সমাজের কুফল দূরীকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন পন্ত। তিনি উত্তরপ্রদেশের প্রথম মুখ্যমন্ত্রী এবং দেশের স্বরাষ্ট্রমন্ত্রী থাকাকালীন হিন্দিকে সরকারী ভাষা হিসাবে প্রতিষ্ঠা করতে উল্লেখযোগ্য অবদান রেখেছিলেন। আধুনিক ভারত গড়তেও তাঁর অবদান অনস্বীকার্য। পন্ডিত গোবিন্দ বল্লভ পন্ত-এর সংগ্রামী ও অনুপ্রেরণামূলক নেতৃত্ব দেশবাসীর জন্য সবসময় অনুপ্রেরণার উৎস হয়ে থাকবে বলেও মন্তব্য করেন উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি।

## মঙ্গলবার জয়সলমেরে লোকসভার অধ্যক্ষ ওম বিড়লার সফর, রয়েছে বেশ কিছু কর্মসূচি

জয়সলমের, ১০ সেপ্টেম্বর (হি.স) : লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা মঙ্গলবার জয়সলমের সফরে যাবেন। মিডিয়া ইনচার্জ বাবু লাল শর্মা সূত্রে এই তথ্য জানা গিয়েছে। শর্মা জানিয়েছেন, কর্মসূচি অনুযায়ী তিনি বিমানে মঙ্গলবার সকাল ১১টা ৪৫ মিনিট নাগাদ রামদেবরা পৌঁছোবেন। জয়সলমের শহরে দুপুর ২টো নাগাদ অধ্যক্ষ বুদ্ধিজীবীদের সঙ্গে মতবিনিময় করবেন। এরপর ওম বিড়লা মহেশ্বরী সমাজের সংবর্ধনা অনুষ্ঠানে অংশ নেবেন। তারপর বিকেল ৪টে নাগাদ বিমানে করে তাঁর তানোর যাওয়ার কর্মসূচি রয়েছে।

সন্ধ্যা ৭টা নাগাদ তিনি ঘন্টিয়ালিতে গ্রামবাসীদের সঙ্গে কথাবার্তা বলবেন। তানোতে রাত্রি যাপন করবেন। বুধবার তানোতে সকালের বৈঠক শেষে বিড়লা যোধপুরের উদ্দেশ্যে রওনা হবেন।

## কোচবিহারে পালিত হল পঞ্চানন বর্মার তিরোধান দিবস

কোচবিহার, ১০ সেপ্টেম্বর (হি.স): তৃণমূলের উদ্যোগে কোচবিহারে পালিত হল পঞ্চানন বর্মার তিরোধান দিবস। রবিবার কোচবিহারের কদমতলার এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহ, জেলা তৃণমূল চেয়ারম্যান গিরীন্দ্রনাথ বর্মন, কোচবিহার পুরসভার চেয়ারম্যান রবীন্দ্রনাথ ঘোষ প্রমুখ।

সামনে লোকসভা নির্বাচন। তার আগে বিজেপি অনন্ত মহারাজকে রাজ্যসভায় প্রার্থী করার জন্যই এই ঘটা করে অনুষ্ঠান কিনা জানতে চাইলে উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহ বলেন, 'কিছুদিন আগে ঘটে যাওয়া পঞ্চায়েত নির্বাচনের ফল ও ধূপগুড়ি বিধানসভা উপনির্বাচনের ফল সবটা বুঝিয়ে দিয়েছে। অনন্ত মহারাজ হলেন স্বঘোষিত মহারাজ। ওনার পেছনে যে জনসমর্থন নেই সেটা ধূপগুড়ি বিধানসভা উপনির্বাচনের ফল বুঝিয়ে দিয়েছে।

# ভয়েজার মিশন: মহাকাব্যিক যাত্রায় মানবসভ্যতার নিদর্শন

*ভয়েজার ১ উৎক্ষেপণ করা হয় ১৯৭৭ সালের ৫ সেপ্টেম্বর। ১৯৭৭ সালের ২০ আগস্ট যাত্রা শুরু করে এর সহোদর ভয়েজার ২। নভোযান দুটি ইতিমধ্যে মহাকাশে কাটিয়েছে ৪৬ বছর, পেরিয়ে গেছে সৌরজগতের সীমানা। এই দুই সহোদরের ৪৬ বছরের অভিযানের এক সংক্ষিপ্ত উপাখ্যান... ইবরাহিম মুদ্দাসসের*

১৯৬৯ সালের জুলাই মাসে নিল আর্মস্ট্রং ও বাজ অলড্রিন যখন চাঁদের বুকে মানুষের পদচিহ্ন এঁকে দেন, তখন পৃথিবীতে টিভি সেটের সামনে বসে সে ঘটনা পর্যবেক্ষণ করেছিল প্রায় ৫০ কোটি মানুষ। ঘটনাটা এতই অভিনব যে সে সময়কার অনেকেই ঠিক ওই মুহূর্তে কোথায় বসে ছিল, কী করছিল, তা মনে রেখেছেন আজীবন। রোমাঞ্চকর এই অভিযানের পরও পেরিয়ে গেছে বহু বছর। আরও কয়েক দফায় চাঁদে মানুষ পা ফেললেও সশরীরে মহাকাশে যাওয়ার প্রয়োজন অনেকটাই ফুরিয়েছে আকাশজয়ের স্বপ্ন পূরণ হওয়ায়। তবে একের পর এক মহাকাশযান পাঠিয়ে আকাশের গ্রহ-উপগ্রহে মানুষের আবিষ্কারের নেশা তারপরও পৌঁছে যাচ্ছে প্রতিনিয়ত। এ নেশার উৎস আসলে প্রোথিত হাজার বছরের মানবসভ্যতার শুরুতেই। যখন কোনো একজন আদি মানব আকাশে তাকিয়ে বলেছিলেন, কী আছে মেঘের ওপারে? মেঘের ওপারে কী আছে সে আমাদের জানা হয়ে গেছে অনেক আগেই। তবে সূর্যের সীমা ছাড়িয়ে দূর মহাকাশে পাড়ি দেওয়ার স্বপ্ন গত শতাব্দীর মাঝামাঝিও কেউ দেখতে সাহস পেত না হয়তো। কিন্তু আমরা সে সাফল্যই অর্জন করেছি ভয়েজার মিশনের মাধ্যমে। ভয়েজার ১ নামের রোবট মহাকাশযানটি সূর্যের সীমা ছাড়িয়েই এখন ছুটে চলেছে অনন্ত নক্ষত্রবীথির পানে। ২০২৩ সালের ৫ সেপ্টেম্বর যাত্রার ৪৬ বছর পূর্ণ করা এই মহাকাশযানকে বলা যায় আরেক সঙ্গী ভয়েজার ২-এর সহোদর। ১৯৭৭ সালের ২০ আগস্ট যাত্রা শুরু করা এই মহাকাশযানেরও ইতিমধ্যে হয়ে গেছে ৪৬ বছর। তাই দুই সহোদরের ৪৬ বছরের অভিযানের এক সংক্ষিপ্ত উপাখ্যান দেখে নেওয়া যেতে পারে।

ভয়েজারের কাব্যিক উপাখ্যানের শুরুতেই স্মরণ করতে হবে জেট প্রপালশন ল্যাবরেটরির গ্যারি ফ্লান্দ্রোর কথা। ভদ্রলোক পেশায় ছিলেন এরোস্পেস ইঞ্জিনিয়ার, তিনি গত শতাব্দীর ষাটের দশকে আবিষ্কার করেন যে সত্তরের দশকে একটা সময় সৌরজগতের ভারী গ্রহগুলো, যেমন বৃহস্পতি, শনি, ইউরেনাস ও নেপচুন এমন এক অবস্থানে আসবে, যার মহাকর্ষ শক্তি ব্যবহার করে দূর মহাকাশে পাঠানো যাবে মহাকাশযান। এ এমন এক অভিনব অবস্থান, যা পেতে অপেক্ষা করতে হবে আবারও ১৭৫ বছর।

আসলে যখন পৃথিবী থেকে কোনো মহাকাশযান অন্য গ্রহে পাঠানো হয়, তখন সাহায্য নেওয়া হয় স্লিংশটের। স্লিংশট হলো অন্য গ্রহ বা উপগ্রহের মহাকর্ষকে কাজে লাগিয়ে মহাকাশযানের গতি বাড়িয়ে নেওয়া, যা তৈরি করে দেয় সীমিত জ্বালানি ব্যবহার করে দূরের পথে মহাকাশযান পাঠানোর সুযোগ। এমন সুবর্ণ সুযোগ পেয়ে নাসার বিজ্ঞানীরা বৃহস্পতি এবং শনি গ্রহতে অভিযান চালানোর এক দুঃসাহসিক অভিযানের পরিকল্পনা করলেন। নাসার আগের গ্রহান্তরে মহাকাশযান পাঠানোর প্রোগ্রামের নাম ছিল মেরিনার প্রোগ্রাম। তাই এই অভিযানের জন্য পরিকল্পনা করা দুই মহাকাশযানের নাম দেওয়া হলো মেরিনার ১১ ও মেরিনার ১২। কিন্তু কিছুদিন কাজ করার পর তাঁরা আবিষ্কার করলেন, এই অভিযানে ব্যবহৃত প্রযুক্তি এত বেশি উৎকর্ষ লাভ করছে যে আলাদা নামেই হতে পারে এ অভিযান। তাই নতুন করে এ দুই মহাকাশযানের নাম দেওয়া হলো ভয়েজার ১ ও ভয়েজার

১৯৭৭ সালে যখন যাত্রা শুরু করে, তখন ভয়েজার মিশনের মূল উদ্দেশ্য ছিল বৃহস্পতি ও শনি গ্রহে অভিযান করা। কিন্তু এই মিশনের নিয়ন্ত্রণে থাকা বিজ্ঞানীরা আরও বেশি কিছু চিন্তা করলেন। মিশন শেষ করে আশি সালে ভয়েজার ১ মহাশূন্যের পথে যাত্রা করলেও ভয়েজার ২-এর যাত্রাপথ রিপ্রোগ্রাম করে কিছুটা বদলে দিলেন। ফলে ভয়েজার ২ ইউরেনাস ও নেপচুনের গ্রহের পথে অভিযানে এগিয়ে চলল। এই মহাযাত্রায় দুই সহোদর মহাকাশযান ৪টি গ্রহ, ৪৮টি উপগ্রহ, তাদের চৌম্বকক্ষেত্র এবং বলয় পর্যবেক্ষণ করে সৌরজগতসম্পর্কে আমার জানার পরিধি বিস্ময়করভাবে বাড়িয়ে দিয়েছে।

এ যাত্রার মাহাত্ম্য বোঝাতে অনেক কথাই বলা যায় এখন। কিন্তু শুরুতে এত বেশি আশা করেননি এর ডিজাইনাররাও। প্রথমে এই মিশনের কার্যকাল ধরা হয়েছিল মাত্র পাঁচ বছর। তারপর তা বৃদ্ধি করে করা হয় ১২ বছর। কিন্তু কী অবাক কাণ্ড, ৪৬ বছর পরও স্বমহিমায় মহাকাশযান দুটি ছুটছে অসীমের পানে।

ভয়েজার ২ যখন পাঠানো হয়, তখন এমনভাবে তা পাঠানো হয়েছিল, যাতে পরবর্তী সময়ে চাইলে ইউরেনাস ও নেপচুন যোগ করা যায় এর যাত্রাপথে। ১৬ দিন পরে পাঠানো ভয়েজার ১-এর গতিপথ ছিল সে হিসেবে কিছুটা ছোট। বৃহস্পতিতে তাই ভয়েজার কিছুদিন আগে ১৯৭৯ সালের ৫ মার্চ পৌঁছে যায়।

বৃহস্পতির মাত্র কয়েক লাখ কিলোমিটার ওপর দিয়ে উড়ে যায় ভয়েজার ১। ভয়েজার ১-এর পাঠানো ছবি থেকে জানা যায় বৃহস্পতির বায়ুমণ্ডলে বয়ে চলা বিশাল বিশাল ঝড়ের কথা। আরও চমৎকৃত হতে হয়, যখন এর পাঠানো তথ্যেই জানা যায় সৌরজগতের মুকুট শনির বলয়ের মতো বলয় আছে বৃহস্পতিরও। তবে এ দফায় সবচেয়ে চমকপ্রদ তথ্য ছিল বৃহস্পতির সবচেয়ে ভেতরের উপগ্রহ আইয়ো সম্পর্কে। গ্যালিলিওর টেলিস্কোপ দিয়ে পর্যবেক্ষণ করা চারটি গ্যালিলিয়ান উপগ্রহের একটি এই উপগ্রহ আইয়োতে দেখা যায় সক্রিয় আগ্নেয়গিরি। পৃথিবীর বাইরে প্রথমবারের মতো জানা যায় আগ্নেয়গিরির অস্তিত্ব। শুধু তা-ই নয়, পর্যবেক্ষণ করা ৯টি আগ্নেয়গিরির কোনোটার গতি ছিল এত বেশি যে তার লাভা পৌঁছে যাচ্ছিল ৫০০ কিলোমিটার ওপরে।

সালফারের আধিক্য থাকা এই লাভার উপস্থিতি বিজ্ঞানীদের নতুন চিন্তার খোরাক দিয়েছিল আশির দশকে। পরবর্তী সময়ে অবশ্য প্রায় ৪০০ সক্রিয় আগ্নেয়গিরি আবিষ্কৃত হয়েছে এই উপগ্রহে, এটি পেয়েছে সৌরজগতের সবচেয়ে সক্রিয় ভূপ্রকৃতির মর্যাদা।

ভয়েজার ২ বৃহস্পতির কাছে পৌঁছায় ওই বছরের ৯ জুলাই। আইয়োর বাইরে এ দুই মহাকাশযান পর্যবেক্ষণ করে বৃহস্পতির অপর দুই বৃহতউপগ্রহ গ্যানিমিড ও ইউরোপা। এই দুই উপগ্রহের বরফাচ্ছাদিত ভূপৃষ্ঠে এদের পাঠানো ছবিতে দেখা যায় অনেক দাগের অস্তিত্ব। সেখান থেকে বিজ্ঞানীরা সিদ্ধান্তে আসেন, এই দুই উপগ্রহের বরফের নিচে রয়েছে কোনো তরল পদার্থের সাগরের। সৌরজগতের সবচেয়ে বৃহতগ্রহ বৃহস্পতির ওপর দিয়ে উড়ে যাওয়ার সময় দুই ভয়েজার পৃথিবীতে পাঠায় প্রায় ৩৩ হাজার ছবি, যা সৌরজগতসম্পর্কে বিজ্ঞানীদের অনেক ধারণাই বদলে দেয়। বিশাল এ গ্রহের পরে মহাকাশযানদ্বয় উড়ে চলে শনি গ্রহের পানে। যদিও সৌরজগতের মুকুট বলে পরিচিত সুন্দর বলয়ধারী গ্রহ শনিতে এর আগে পাইওনিয়ার ১১ অভিযান চালিয়েছিল ১৯৭৯ সালে। তারপরও এই গ্রহের বিস্তারিত জানতে অপেক্ষা করতে হয়েছে ১৯৮০ সালের ১২ নভেম্বর ভয়েজার ১-এর পৌঁছানো পর্যন্ত। ভয়েজার ১ পৌঁছে প্রথমবারের মতো পৃথিবীতে পাঠায় শনির বলয়ের হাই রেজুলেশন ছবি। এ সময় ভয়েজার ১ শনির সবচেয়ে বড় উপগ্রহ টাইটানের খুব কাছ দিয়ে উড়ে যায়। এ সময় আবিষ্কার করে টাইটানের বায়ুমণ্ডল মূলত তৈরি পৃথিবীর মতো নাইট্রোজেন দিয়ে। তবে এই বায়ুমণ্ডল এত বেশি ঘন ছিল যে এর নিচে কী আছে, তখন জানা যায়নি। এ জন্য অপেক্ষা করতে হয়েছে এই শতাব্দীর শুরুতে শনির কক্ষপথে ক্যাসিনির পৌঁছানো পর্যন্ত।

ভয়েজার এ সময় আরেকটি তথ্য জানায়। শনির একদম ওপরের বায়ুমণ্ডলে রয়েছে হিলিয়ামের উপস্থিতি, ঠিক যেমনটা বিজ্ঞানীরা ভেবেছিলেন। একই সঙ্গে জানা যায়, খুব ধীরগতিতে ওপরের হিলিয়াম শনির কেন্দ্রের দিকে ডুবে যাচ্ছে।

ভয়েজার ১-এর ৯ মাস পরে ২৫ আগস্ট ১৯৮১ সালে শনির কাছে পৌঁছায় ভয়েজার ২ মহাকাশযান। শনি গ্রহের মাত্র ৪১ হাজার কিলোমিটার দূর দিয়ে উড়ে যাওয়া ভয়েজার ২-এর পর্যবেক্ষণে জানা যায় আরও সব চমকপ্রদ তথ্য। ভয়েজার ১ ও ২-এর পর্যবেক্ষণে জানা যায়, শনির বরফে উপগ্রহ এন্সেলেডাসের উষ্ণপ্রস্রবণের কথা, যা পরে ক্যাসিনির অভিযানে প্রমাণিত হয়েছে। এ ছাড়া এ দুই সহোদর মহাকাশযান শনি গ্রহের উত্তর মেরুতে চলতে থাকা ষড়ুজাকৃতির বিশাল ঘূর্ণির অস্তিত্বও আবিষ্কার করে।

শনি গ্রহ অভিযান শেষে ভয়েজার ১ ও ২-এর যাত্রাপথ আলাদা হয়ে যায়। ভয়েজার ১-এর এরপর আর কোনো নির্দিষ্ট গন্তব্য ছিল না। ছিল শুধুই মহাশূন্যের পানে ছুটে চলা। ওদিকে ইঞ্জিনিয়াররা ভয়েজার ২-কে একটা স্লিংশট ব্যবহার করে এমন পথে চালিত করেন, যাতে তা ছুটে যায় ইউরেনাস আর নেপচুনের দিকে। ইউরেনাস ও নেপচুনের কাছ দিয়ে উড়ে যাওয়া প্রথম এবং এখন পর্যন্ত একমাত্র মহাকাশযান ভয়েজার ২। ভয়েজার ২-এর পাঠানো ছবিগুলোই শুধু এই দুই গ্রহের কাছ থেকে তোলা ছবি আমাদের কাছে।

১৯৮৬ সালের ২৪ জানুয়ারি, ভয়েজার ২ উড়ে যায় ইউরেনাসের ওপর দিয়ে। মাত্র ৮০১,৫০০ কিলোমিটার দূর থেকে। ইউরেনাসের ঘূর্ণন অন্য গ্রহগুলো থেকে একটু ব্যতিক্রমধর্মী। সব উপগ্রহ কক্ষের ওপর দাঁড়িয়ে ঘুরলেও ইউরেনাস ঘোরে সূর্যের দিকে মুখ করে। অর্থাৎ, ইউরেনাসের ঘূর্ণন অক্ষ সূর্যের দিকে মুখ করা। অতীতে কোনো একসময় বড় কোনো সংঘর্ষের দরুন এমন গতির সৃষ্টি হয়েছিল। অদ্ভুত ঘূর্ণনের ইউরেনাসের পাশ দিয়ে উড়ে যাওয়ার সময় ভয়েজার ২ আবিষ্কার করে ইউরেনাসের চৌম্বকক্ষেত্র। ভয়েজার ২-এর মাধ্যমেই জানা যায় ইউরেনাসেরও রয়েছে বলয়। এ ছাড়া এই গ্রহের অনেকগুলো উপগ্রহের হদিসও পাওয়া যায় এই মিশনে। অনেকগুলো উপগ্রহ আবিষ্কৃত হলেও সবচেয়ে অদ্ভুত ছিল ইউরেনাসেরই উপগ্রহ মিরান্ডা আবিষ্কার। মিরান্ডার পৃষ্ঠে বিশাল বিশাল গর্ত, খালের ছবি পাঠায় ভয়েজার ২। এমনকি কোনো কোনোটার গভীরতা ছিল ২০ কিলোমিটার পর্যন্ত! গবেষকেরা ধারণা করেন, অতীতে কখনো মিরান্ডা হয়তো ভেঙে চুরমার হয়েছিল, তারপর আবার আকর্ষণে জোড়া লেগে এই অবস্থা হয়েছে।

ভয়েজার ২-এর মহাযাত্রায় শেষ স্টপেজ ছিল নেপচুন। ১৯৮৯ সালের ২৫ আগস্ট নেপচুনের ওপর দিয়ে উড়ে যায় ভয়েজার ২। এ সময় মহাকাশযানটি পৌঁছে গিয়েছিল নেপচুনের উত্তর মেরুর ৪ হাজার ৯৫০ কিলোমিটার দূরত্বের মধ্যে। এই যাত্রায় যেকোনো বস্তুর সবচেয়ে কাছ দিয়ে উড়ে যাওয়ার ঘটনা ছিল এটি। যেহেতু এটাই ছিল শেষ গ্রহ পর্যবেক্ষণের জন্য, তাই নাসা এত কাছ দিয়ে পর্যবেক্ষণের সিদ্ধান্ত নিয়েছিল। এ সময় নেপচুনের যে নীল ছবিটি তোলা হয়, তা এখন পর্যন্ত এই গ্রহের সবচেয়ে প্রচারিত ছবি। নীল মারবেলের মতো দেখতে এই ছবি সবার কাছেই এক স্নিগ্ধ অনুভূতি এনে দেয়। নেপচুনের ওপর দিয়ে উড়ে যাওয়ার সময় ভয়েজার ২ আবিষ্কার করে যে সৌরজগতের যেকোনো জায়গার তুলনায় নেপচুনের বায়ুর গতি বেশি, বৃহস্পতি গ্রহের তুলনায় তা অন্তত তিনগুণ বেশি। এ যাত্রায়ই নেপচুনের সঠিক ভর হিসাব করা সম্ভব হয়। এ ছাড়া এ সময় নেপচুনের ছয়টি নতুন উপগ্রহের কথা জানা যায়। আবিষ্কৃত হয় নেপচুনের বলয়ও। তবে নেপচুনের উপগ্রহ ট্রাইটনের বিদ্ঘুটে সব আচরণ আবিষ্কারও ছিল চমক-জাগানিয়া। ট্রাইটন এমনকি নেপচুনের গতিপথকেও প্রভাবিত করে। অন্য সব উপগ্রহের চাইতে ট্রাইটনের গতিও পাওয়া যায় উল্টো দিকে। যার দরুন বিজ্ঞানীরা ধারণা করেন, ট্রাইটন মূলত কুইপার বেল্টের কোনো বস্তু, যা নেপচুনের মহাকর্ষে কোনো একসময় বাঁধা পড়েছিল। ট্রাইটনকে পেছনে রেখে ভয়েজার ২-ও এরপর বেরিয়ে পড়ে শূন্যতার পথে যাত্রায়, ভয়েজার ১-এর মতো। শূন্যতার পথে যাত্রা করলেও এই দুই মহাকাশযানই এরপরও বিজ্ঞানে অবদান রেখে চলছে গত ৪০ বছর ধরে।

পরের কথা বলার আগে এক লাইনে সূর্যের হেলিওস্ফিয়ারের কথা বলে নেওয়া যেতে পারে। সূর্য তার চারপাশে ছড়িয়ে দিচ্ছে আয়নিত প্লাজমা কণা। এই কণা একটা গোলকের মতো তৈরি করছে। এর বাইরে বুদ্বুদের মতো একটা অংশ বাধা দিচ্ছে মিল্কিওয়ে গ্যালাক্সির অন্য তারা থেকে আসা মহাজাগতিক প্লাজমাকে। বুদ্বুদের মতো এই অংশের নাম হেলিওপজ। বিজ্ঞানীরা এর আগে এই ব্যবস্থার কথা অনুমান করেছেন। কিন্তু এই বুদ্বুদের অস্তিত্ব ঠিক কতদূরে, তার কোনো হিসাব জানা ছিল না। তবে এই অঞ্চলকেই ধরা হয় সূর্যের আওতাভুক্ত অঞ্চল, অর্থাৎ সৌরজগতের সীমানা। যেহেতু এই সীমার দূরত্ব জানা ছিল না, তাই ভয়েজার ১ কখন পৌঁছাবে শেষ সীমায়, তা আগে থেকে অনুমান করা যাচ্ছিল না। তবে ভয়েজার ১ যখন এই অংশে পৌঁছে যায়, তখন তা থেকে আসা সিগন্যাল বিশ্লেষণ করে জানা যায় যে ভয়েজার ১ পৌঁছে গেছে আন্তনাক্ষত্রিক স্থানে। অর্থাৎ সূর্য এবং অন্যান্য তারার মাঝে যে মহাশূন্য, সেখানে। ২০১২ সালের ২৫ আগস্ট হেলিওপজ পেরিয়ে মানব নির্মিত প্রথম কোনো বস্তু পেরিয়ে যায় সৌরজগতের সীমা। এ অর্জন অবশ্যই অসামান্য। এই মুহূর্তে ভয়েজার ১-এর অবস্থান পৃথিবী থেকে ২ হাজার কোটি কিলোমিটারেরও বেশি। তারপরও কিন্তু ভয়েজারের অভিযান থেমে নেই। প্রতিনিয়ত এ যোগাযোগ করে চলেছে পৃথিবীর সঙ্গে। ভয়েজার ১-এর ট্রান্সমিটার ২৩ ওয়াট শক্তির সিগন্যাল পাঠায় পৃথিবীর দিকে। এর শত শত কোটি ভাগের এক ভাগও পৌঁছায় না পৃথিবীতে। কিন্তু এই অল্প সিগন্যালই সংগ্রহ করে বিশ্লেষণ করতে পারে নাসার ডিপ স্পেস নেটওয়ার্ক। এমনকি পৃথিবী থেকে পাঠানো সিগন্যালও গ্রহণ করতে পারে ভয়েজার মহাকাশযান।

এবার কিছু ভবিষ্যতের কথা বলা যাক। প্রায় ৩০০ বছরের মধ্যে ভয়েজার ১ পৌঁছাবে দূরবর্তী উর্ট মেঘের কাছে। এটা হলো সৌরজগতের চারপাশ ঘিরে বিশাল বরফে মেঘ, যেখানে উৎপন্ন হয় ধূমকেতু। তারপর এই বিশাল পথ পাড়ি দিয়ে পৌঁছে যায় সৌরজগতে। তবে দুঃখজনক হলো, উর্ট মেঘে পৌঁছানোর অনেক আগেই ভয়েজার ১-এর পাওয়ার সিস্টেম বন্ধ হয়ে যাবে।

ভয়েজারের শক্তির জোগান দেয় এতে থাকা তেজস্ক্রিয় রেডিও আইসোটোপ থার্মোইলেকট্রিক জেনারেটর। কয়েক বছরের মধ্যে এই জেনারেটরের শক্তি এতটাই কমে যাবে যে তা আর যন্ত্রপাতিগুলো চলাতে সক্ষম থাকবে না। মহাকাশযানের অভিমুখ নিয়ন্ত্রণের জন্য থাকা জাইরোস্কপিক সিস্টেমও তখন আর কাজ করবে না। তথ্য সংগ্রহ করে তা সংরক্ষণের সিস্টেমও বন্ধ হয়ে যাবে। তবে তার আগে নাসা শক্তি বাঁচাতে একটার পর একটা বৈজ্ঞানিক যন্ত্রের সুইচ অফ করে দেবে পৃথিবীতে বসেই। ২০২৫ থেকে ২০৩০ সালের মধ্যে ভয়েজারের জেনারেটর আর এমন কোনো বিদ্যুতউৎপাদন করতে পারবে না, যা দিয়ে কোনো যন্ত্রপাতি সচল রাখা যাবে। তাই পাঁচ বছরের মিশন বেড়ে ৪৬ বছর সচল থাকার পরও হয়তো ৫০ বছর হওয়ার মতো ভাগ্যবান আমরা হব।

তারপর? তারপর উর্ট মেঘের মধ্য দিয়ে নিঃসঙ্গ যাত্রা। এ যাত্রা চলবে হয়তো টানা ৩০ হাজার বছর। ৪০ হাজার বছর পরে গিয়ে ভয়েজার ১ পৌঁছাবে গোলিয়াথ ৪৪৫ নক্ষত্রের কয়েক আলোকবর্ষের মধ্যে। তবে এতেই কিন্তু শেষ নয়। কারণ, ভয়েজার মহাকাশযানদ্বয় উভয়ে বহন করছে দুটি একইরকম 'গোল্ডেন রেকর্ড'। এই গোল্ডেন রেকর্ডে ধারণ করা আছে পৃথিবীর বিভিন্ন শব্দ ও ছবি। দেওয়া আছে মানবসভ্যতার কিছু নিদর্শন। নির্দেশ করা আছে বিভিন্ন পালসারের অবস্থানের তুলনায় পৃথিবীর অবস্থান। এ যেন পালসারের পথনির্দেশে এক ম্যাপ। রেকর্ডের সঙ্গে দিয়ে দেওয়া আছে তা চালানোর নির্দেশনাও। এই রেকর্ড তৈরি করা হয়েছে স্বর্ণ দিয়ে। তার ওপর দিয়ে দেওয়া হয়েছে ইউরেনিয়াম-২৩৮, যাতে গোল্ডেন রেকর্ডের বয়স কত হলো তা বিশ্লেষণ করা যায় গোল্ডেন রেকর্ড থেকেই। কারণ, ইউরেনিয়াম-২৩৮ এর অর্ধজীবন শতকোটি বছর।

ভবিষ্যতে কি সত্যিই কোনো বুদ্ধিমান কোনো এলিয়েনের হাতে পড়বে এই গোল্ডেন রেকর্ড? আমরা জানি না। তবে আশাবাদী হতে ইচ্ছে করে মানুষের। অসীমের মধ্যে বেঁচে থাকাই তো মানুষের চিরদিনের স্বপ্ন। তবে কেউ গোল্ডেন রেকর্ড না পেলেও মানুষের কীর্তি ভয়েজারে করে বেঁচে থাকবে শতকোটি বছর। কারণ, এ রেকর্ড এমনভাবে তৈরি করা হয়েছে যে শতকোটি বছর পরেও চালানো যাবে তা।

ভয়েজার মিশনের দুই রোবট, মানুষের তৈরি সবচেয়ে দূরবর্তী বস্তু এবং সৌরজগতের বাইরে পৌঁছা মানবনির্মিত একমাত্র বস্তু আমাদের সবার বার্তা অসীমে নিয়ে যাচ্ছে, এ কথা ভাবলেই তো কেমন শিহরণ হয়। ৪৬ বছরের এই মহাকাব্যিক যাত্রা তাই আমাদের আশাবাদী করে। আমাদের গৌরবকে বাড়িয়ে দেয় শতগুণ। বিশাল মহাবিশ্বে আমাদের ক্ষুদ্র অবস্থানকে মনে করিয়ে দেয়। তবে তা আমাদের খাটো করে না, বরং বিশাল মহাবিশ্বের অংশ হতে পারার গৌরব অনুভব করতে দেয়।

**১৯৭৭ সালে যখন যাত্রা শুরু করে, তখন ভয়েজার মিশনের মূল উদ্দেশ্য ছিল বৃহস্পতি ও শনি গ্রহে অভিযান করা। কিন্তু এই মিশনের নিয়ন্ত্রণে থাকা বিজ্ঞানীরা আরও বেশি কিছু চিন্তা করলেন। মিশন শেষ করে আশি সালে ভয়েজার ১ মহাশূন্যের পথে যাত্রা করলেও ভয়েজার ২-এর যাত্রাপথ রিপ্রোগ্রাম করে কিছুটা বদলে দিলেন। ফলে ভয়েজার ২ ইউরেনাস ও নেপচুনের গ্রহের পথে অভিযানে এগিয়ে চলল।**

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# হরেকরকম

## কী ভাবে আদা খেলে নিয়ন্ত্রণে থাকবে রক্তের শর্করার মাত্রা



ডায়াবিটিস মানেই জীবন থেকে অনেক কিছু এক নিমেষে বাদ চলে যায়। জীবনযাপনে হাজার বেনিয়মমের কারণে ডায়াবিটিস রোগ এখন ঘরে ঘরে। সব চেয়ে দ্রুত বেড়ে চলা রোগগুলির মধ্যে ডায়াবিটিস অন্যতম। দীর্ঘ দিন ধরে অতিরিক্ত মাত্রায় ক্যালোরি এবং কার্বোহাইড্রেট খাওয়ার ফলে, ঘুম কম হওয়া, অবসাদ, উদ্বেগজনিত বিভিন্ন সমস্যা দেখা দিতে থাকে। শরীরের সঙ্গে এই অনিয়মের ফলে রক্তে শর্করার মাত্রা ওঠানামা করতে শুরু করে। শরীরে বাসা বাঁধে ডায়াবিটিস। পুষ্টিবিদদের মতে, ডায়াবিটিস থাকলে খাওয়াদাওয়ার উপর নিয়ন্ত্রণ রাখতে হবে। কেবল কাড়ি কাড়ি ওষুধের উপর নয়, ডায়াবিটিস নিয়ন্ত্রণে রাখতে হলে ভেষজের উপরেও ভরসা রাখতে পারেন। ভরসা রাখতে পারেন, আদার উপরেও।

প্রদাহ কমানোর ক্ষমতা থেকে জীবাণু নাশ, সবেতেই বেশ কার্যকর আদা। শরীরে ইনসুলিন তৈরিতে সাহায্য করে আদার রস। আর ইনসুলিনের মাত্রা ঠিক থাকলে নিয়ন্ত্রণে রাখা যায় রক্তের শর্করার মাত্রাও। ফলে রোজের রান্নায় অল্প করে আদা ব্যবহার করলে অনেকটাই যত্ন নেওয়া যায় ডায়াবিটিসের রোগীর। আদা দেওয়া চা খেলেও উপকার মেলে। নিউট্রিয়েন্টস জার্নালে প্রকাশিত একটি গবেষণা অনুসারে আদা কার্বোহাইড্রেট বিপাকের জন্য ক্ষরণ বৃদ্ধি করে। শরীরে লিপিড প্রোফাইলের মাত্রা নিয়ন্ত্রণ করতে সাহায্য করে। সুতরাং ডায়াবেটিকদের জন্য আদা দারুণ ওষুধ। রোজের রান্নায় আদা ব্যবহারের পাশাপাশি, সকালে খালি পেটে আদার একটি পানীয়তে চুমুক দিলেও উপকার পাবেন। সকালে উঠে এক গ্লাস গরম জলে ২ গ্রাম শুকনো আদার গুঁড়ো মিশিয়ে খেতে পারেন, রক্তে শর্করার মাত্রা নিয়ন্ত্রণে থাকবে।

## কোভিডের চিকিৎসায় চোখের রং বদল

কোভিডের চিকিৎসা করানোর পর শিশুর বাদামি চোখ বদলে গেল নীল চোখে। তাইল্যান্ডের সেই শিশু বেশ কিছু দিন ধরে জ্বর আর সর্দি-কাশিতে ভুগছিল। পরীক্ষার পর জানা গেল সে কোভিডে আক্রান্ত। কোভিড থেকে শিশুটিকে দ্রুত সুস্থ করে তুলতে ৩ দিন ধরে ফ্যাভিপিরাভির ওষুধ দিয়ে তার চিকিতা করা হয়। ওষুধ শুরু হওয়ার হওয়ার ১৮ ঘণ্টার মধ্যেই শিশুর মা তার মণির রঙে পরিবর্তন লক্ষ করেন। গাঢ় বাদামি রং বদলে মণিতে দেখা যায় নীল আভা। চিকিৎসকেরা মণির রং পরিবর্তন দেখে ফ্যাভিপিরাভির ওষুধটি বন্ধ করে দেন। ওষুধ বন্ধের ৫ দিনের মধ্যে আবার শিশুর চোখের মণির স্বাভাবিক রং ফিরে আসে। শিশুর মেডিক্যাল রিপোর্টে বলা হয়, মণি ছাড়া ত্বক, নখ, মুখ কিংবা নাকের শ্লেষ্মার রঙে কোনও রকম রং পরিবর্তন লক্ষ করা যায়নি। ফ্যাভিপিরাভির ওষুধটি ৩ দিন চলার পরেই চোখের রঙে বদল লক্ষ করা হয়। সঙ্গে সঙ্গে ফ্যাভিপিরাভির ওষুধটি বন্ধ করে দেওয়া হয়। ওষুধ বন্ধ করার পর পঞ্চম দিনে চোখের স্বাভাবিক রং ফিরে আসে। ২০২১ সালে ভারতেও এই রকম ঘটনা চোখে পড়ে চিকিতকদের। ফ্যাভিপিরাভির ওষুধ দেওয়ার পর ২০ বছর বয়সি কোভিড রোগীর কর্নিয়ার রং পরিবর্তন হয়ে যায়। কোভিডে অনেকের শরীরেই অনেক রকম বদল আসতে দেখা যায়। তবে এই পরিবর্তনটি খুবই অল্প কয়েক জনের মধ্যেই আপাতত দেখা গিয়েছে। কেন এ রকমটা হচ্ছে সেই বিষয়ে সঠিক কোনও তথ্য প্রমাণ নেই।



## রোজ রোজ লুচি-পরোটা নয়, বাড়িতেই বানিয়ে খান বাটার গার্লিক নান



অনলাইনে চিকেন ভর্তা অর্ডার দিয়েছেন। সঙ্গে রুটি বা পরোটা নয়, গরম গরম নান খাওয়ার ইচ্ছে। কিন্তু অত দূর থেকে গরম নান যতই সিলভার ফয়েলে মুড়ে আনা হোক না কেন, খাওয়ার সময় তাতে কামড় বসাতে গেলে বেশ বেগ পেতে হবে। তা হলে উপায় কী? বাড়িতেই বানিয়ে ফেলতে পারেন বাটার গার্লিক নান। রইল নান তৈরির সহজ পদ্ধতি।

উপকরণ:
ময়দা: ৪ কাপ
টক দই: ২ কাপ
চিনি: ১ চা টামচ
তেল: ৪ টেবিল চামচ
নুন: স্বাদ অনুযায়ী
ধনেপাতা: ১ কাপ
রসুন কুচি: ১ কাপ
বেকিং পাউডার: আধ চা চামচ
ড্রাই ইস্ট: ১ চা চামচ
মাখন: ২ টেবিল চামচ

প্রণালী:
১) প্রথমে একটি পাত্রে ময়দা, নুন, চিনি, বেকিং পাউডার, রিফাইন্ড তেল এবং জলে গুলে রাখা ইস্ট ভাল করে মিশিয়ে নিতে হবে।
২) এ বার টক দই দিয়ে ভাল করে ময়দা মেখে নিতে হবে। প্রয়োজনে সামান্য গরম জল দেওয়া যেতে পারে। খেয়াল রাখবেন, ময়দার তাল যেন খুব বেশি শক্ত না হয়ে যায়। মাখা হয়ে গেলে সামান্য তেল দিয়ে ময়দার তাল ঢেকে রাখতে হবে অন্তত পক্ষে ঘণ্টা দুয়েক। ৩) একটি পাত্রে রসুন মিহি করে কুচিয়ে বা গ্রেট করে রাখতে হবে। ধনে পাতাও কুচিয়ে রাখতে পারেন। ৪) ঘণ্টা দুয়েক যদি রাখতে না-ও পারেন, অন্তত এক ঘণ্টা পর ময়দার তাল থেকে লেচি কেটে নিয়ে নান আকারে বেলে নিতে হবে। মনে রাখতে হবে, নান কিন্তু লুচি বা পরোটার মতো পাতলা হয় না। তাই একটু মোটা করে বেলতে পারলেই ভাল। ৫) এ বার নানের উপর রসুন কুচি, ধনেপাতা এবং কালো জিরে ছড়িয়ে দিন। চাইলে এক বার হালকা করে উপর থেকে বেলন চালিয়ে নিতে পারেন। উপরে একটু মাখন মাখিয়ে নিতে হবে।
৬) এর পর গ্যাসে কড়াই গরম করতে দিন। নান রুটির যে পিঠে রসুন দিয়েছেন, তার উল্টো পিঠে সামান্য জল মাখিয়ে কড়াইতে দিয়ে দিন। এমন ভাবে দিতে হবে, যাতে কড়াই উল্টে দিলেও নান রুটি পড়ে না যায়। ৭) তার পর কড়াই উল্টো করে গ্যাসে বসিয়ে দিন। আঁচ একেবারে হালকা করে রাখবেন। ৮) কিছু ক্ষণের মধ্যেই দেখবেন মাখন মাখানো অংশটি ফুলে উঠছে। এ বার অত্যন্ত সন্তর্পণে গ্যাসের উপর থেকে কড়াই তুলে সোজা করে নামিয়ে নিতে হবে। প্রতি বার নান সেঁকতে দেওয়ার আগে উল্টো পিঠে জল মাখিয়ে নিতে ভুলবেন না যেন।

## রাখতে কেশর দুধ খেলে অনিদ্রার সমস্যা দূর হয়



এখন অনেকেই অনিদ্রার সমস্যায় ভুগছেন। ভাল ঘুমের জন্য অনেককেই অনেক রকম কসরত করতে হয়। কেউ যোগাভ্যাস বা ধ্যান করেন, কেউ হালকা শরীরচর্চা, কেউ বই পড়েন, আবার কেউ এক গ্লাস ঈষদুষ্ণ দুধ খেয়ে নেন। কিন্তু ঘুমের আগে দুধ যখন খাচ্ছেনই, তখন তা আরও বেশি স্বাস্থ্যকর বানানো যায় কি না, সেই কথাও ভাবা জরুরি।

আপনার হেঁশেলে এমন এক উপাদান রয়েছে, যা দুধের সঙ্গে মিশিয়ে খেলে সেই পানীয় হয়ে উঠতে পারে "সুপারফুড"। কী সেই উপাদান? জাফরান এমন একটি উপকরণ, যার এক চিমটেতেই যে কোনও খাবারের স্বাদ বদলে যায়। তবে জাফরানের দামও তুলনামূলক ভাবে অনেকটাই বেশি। বিশ্বের সবচেয়ে দামি মশলাগুলির মধ্যে জাফরান অন্যতম। যদি নিয়মিত রাতে শোয়ার আগে এক চিমটে জাফরান গরম দুধে দিয়ে খেতে পারেন, তা হলে শরীরের অনেক সমস্যা দূর হয়ে যেতে পারে অচিরেই। জেনে নিন, রাতে জাফরান-দুধ খাবেন কেন। ১) একটুতেই ঠান্ডা লেগে সর্দি-কাশির সমস্যায় ভোগেন? নিয়মিত জাফরান মেশানো দুধ খেয়ে দেখতে পারেন। ভাইরাল কিংবা ব্যাক্টেরিয়াল রোগ ঠেকিয়ে রাখতেও সাহায্য করে। শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করতে সাহায্য করে এই দুধ।
২) জাফরান মস্তিষ্কের বিকাশে সাহায্য করে। ফলে স্মৃতিশক্তি ভাল রাখতেও নিয়মিত জাফরান মেশানো দুধ খাওয়া যেতে পারে।
৩) ঋতুস্রাবের অসহ্য যন্ত্রণায় ভোগেন যাঁরা, তাঁদের জন্যেও এই পানীয় বেশ উপকারী। জাফরানে রয়েছে প্রদাহ দূর করার ক্ষমতা। ত্বকের জেল্লা ফেরাতেও ভরসা রাখতে পারেন এই পানীয়ের উপর। এতে থাকা অ্যান্টিঅক্সিড্যান্ট ত্বকের স্বাস্থ্য ভাল রাখে। ৪) হৃদ্‌যন্ত্রের যত্ন নিতে পারে জাফরান। ধমনী নরম রেখে রক্ত চলাচল সচল রাখে। তাই জাফরান মেশানো দুধ নিয়মিত খেলে হৃদ্‌রোগের আশঙ্কাও কমতে পারে।
৫) শরীরের ক্লান্তি ভাব কাটাতে সাহায্য করে এই পানীয়। এ ছাড়া মানসিক চাপ দূর করে শরীরকে চাঙ্গা রাখতেও উপকারী এই পানীয়। রাতে এই কেশর দুধ খেলে অনিদ্রার সমস্যাও দূর হয়।

## বর্ষার মরসুম মানেই বাড়িতে ইলিশের আগমণ

বর্ষার মরসুম মানেই বাড়িতে ইলিশের আগমণ। বাজারের থলিতে ইলিশ আসা মানেই হয় কালোজিরে বেগুনের ঝোল আর না হয় সর্ষে ইলিশ। ইলিশের যে কোনও পদ হলেই ভাতের থালা একেবারে চেটেপুটে সাফ। তবে কড়াইতে কেবল রয়ে যায় লেজাটি। অনেকেই আছেন যাঁরা লেজা খেতে একেবারেই পছন্দ করে না। তবে ইলিশের লেজা দিয়েই বানিয়ে ফেলতে পারেন লেজভর্তা। কাঁটা না থাকায় এই পদ কিন্তু সকলেই পছন্দ করবেন। রইল প্রণালী।

উপকরণ:
ইলিশের লেজা: ৪টি
নুন: স্বাদ মতো
লাল লঙ্কার গুঁড়ো: ১ চা চামচ
হলুদ গুঁড়ো: ১ চা চামচ
সর্ষের তেল: ৭-৮ টেবিল চামচ
পেঁয়াজ কুঁচি: আধ কাপ
গোটা শুকনো লঙ্কা: ৭-৮টি
কাঁচা লঙ্কা কুচি: ২টি
লেবুর রস: ১ম টেবিল চামচ

প্রণালী:
লেজাগুলিতে নুন, হলুদ, লঙ্কার গুঁড়ো মাখিয়ে কড়া করে ভেজে নিন। বেশি কড়া করে ভাজলে মাছের কাঁটা বার করতে সুবিধা হবে। এ বার ভাজা মাছ শিলনোড়া দিয়ে গুঁড়ো গুঁড়ো করে কাঁটা বার করে নিন। মাছ ভাজার তেলে শুকনো লঙ্কা আর পেঁয়াজ ভেজে তুলে রাখুন। মাছের সঙ্গে কাঁচা সর্ষের তেল, নুন, কাঁচালঙ্কা, পেঁয়াজকুচি, শুকনো লঙ্কা আর সামান্য লেবুর রস দিয়ে ভাল করে মেখে নিন। সাদা ভাতের সঙ্গে জমে যাবে ইলিশের লেজ ভর্তা।

## সুস্থ থাকতে গেলে শরীরচর্চার পাশাপাশি ডায়েটও গুরুত্বপূর্ণ

সুস্থ থাকতে গেলে শরীরচর্চার পাশাপাশি ডায়েটও গুরুত্বপূর্ণ। তবে সেই খাবার হতে হবে তেল-মশলা বিহীন। দু'-এক দিন খেতে ভাল লাগলেও রোজ রোজ এমন খাবার সকলে হাসিমুখে খেতে পারেন না। আবার প্রতি দিন ঘুম থেকে উঠে প্রত্যেকের চাহিদা অনুযায়ী ভেবেচিন্তে নতুন নতুন স্বাস্থ্যকর পদ রান্না করার মতো সময়, ধৈর্য, ইচ্ছে কোনওটাই থাকা সম্ভব নয়।

পুষ্টিবিদেরা বলছেন, সময়ের অভাব থাকলেও স্বাস্থ্যের কথা মাথায় রেখে রোজ অনলাইনে খাবার অর্ডার করতে চান না অনেকেই। তাই স্বাদ এবং স্বাস্থ্য দুই-ই বজায় রাখতে সহজ তিনটি রেসিপির সন্ধান রইল এখানে।

স্ক্র্যাম্বল্ড এগ ১) ছোট একটি পাত্রে ডিম ভেঙে সামান্য নুন এবং গোলমরিচ দিয়ে ফেটিয়ে নিন। এর মধ্যে দিতে পারেন সামান্য একটু দুধ। ২) চাইলে ডিমের মিশ্রণে দিতে পারেন মিহি করে কুচি করা পেঁয়াজ, আদা, টোম্যাটো, গাজর, বেল পেপার এবং পালং শাক। ৩) এ বার কড়াইতে সামান্য তেল গরম করে পুরো মিশ্রণ ঢেলে দিন। ৪) আঁচ একেবারে আস্তে করে ধীরে ধীরে নাড়তে থাকুন। ৫) ডিম ভাজা হয়ে গেলে একেবারে গুঁড়ো আকারের হয়ে যাবে। পাউরুটি বা রুটি দিয়ে সকালের জলখাবারে খেতে ভালই লাগে স্ক্রাম্বল্ড এগ। সাবুর খিচুড়ি ১) ১ কাপ সাবুদানা ৩ কাপ জলে আগের দিন রাত থেকে ভিজিয়ে রাখুন। ২) চিনাবাদামের সঙ্গে সামান্য নুন এবং চিনি মিশিয়ে শুকনো খোলায় নেড়ে নিন। ৩) এ বার কড়াইতে ঘি গরম করুন। এর মধ্যে দিয়ে দিন ১ চা চামচ গোটা জিরে, কয়েকটা কারি পাতা। সামান্য আদা এবং লঙ্কা কুচি দিয়ে নাড়তে থাকুন। ৪) চাইলে এর সঙ্গে ছোট ছোট করে কাটা আলুও দিতে পারেন। ৫) এ বার এই মিশ্রণের মধ্যে ভেজানো সাবুদানা দিয়ে কিছু ক্ষণ নাড়াচাড়া করুন। উপর থেকে ভাজা বাদামও দিয়ে দিন এই সময়ে। ৬) গ্যাস বন্ধ করে উপর থেকে লেবুর রস এবং ধনেপাতা কুচি ছড়িয়ে দিতে পারেন। চিকেন স্যালাড ১) প্রথমে সেদ্ধ করা মুরগির মাংস হাড় ছাড়িয়ে ছোট ছোট কুচি করে নিন। ২) এ বার একটি পাত্রে মাংস, সামান্য অলিভ অয়েল, মধু, গোলমরিচ গুঁড়ো এবং নুন ভাল করে মিশিয়ে মিনিট দশেক রেখে দিন। ৩) এ বার কড়াইতে পছন্দমতো নানা রকম সব্জি এবং মুরগির মাংসের মিশ্রণ একসঙ্গে দিয়ে ভাল করে নাড়াচাড়া করুন। ৪) উপর থেকে গোলমরিচ, তিল আর একটু মধু ছড়িয়ে গরম গরম পরিবেশন করুন।

## জলখাবারে রাখুন ভিনদেশি প্যানকেক



পুজোর মানেই জমিয়ে পেটপুজো! লুচি-আলুরদম থেকে পোলাও-কালিয়া, কিচ্ছুটি বাদ থাকে না। চেনা খাবারে একঘেয়েমি এসে গেলে উতবের দিনগুলোয় বরং একটু স্বাদ বদল হোক? পাতে থাক ভিনদেশি কিছু রান্না। অল্প সময়ে রেঁধে নেওয়ার মতো একটি পদ নিঃসন্দেহে প্যানকেক। এই প্রতিবেদনে রইল রন্ধন-প্রণালী।

মার্কিনি এই প্রাতরাশের উল্লেখ মেলে প্রাচীন গ্রিক ও রোমান সাহিত্যেও। মিষ্টি প্রেমী হলে ঝটপট শিখে ফেলুন প্যানকেক রান্নার সহজ উপায়। জেনে নিন কী কী লাগবে উপকরণ, দু''জনের জন্য কী ভাবেই বা তৈরি করবেন ৫ বা ৬টি প্যানকেক।

উপকরণ
ডিম ২টি
চিনি ১/২ কাপ
নুন এক চিমটে
দুধ ১ কাপ)
সাদা তেল / মাখন ৫০ গ্রাম
ভ্যানিলা এক্সট্র্যাক্ট ১ চা চামচ
ময়দা ১ কাপ
বেকিং পাউডার ১ চা চামচ
মধু (উপরে ছড়িয়ে দেওয়ার পরিমাণ মতো)

প্রণালী
প্রথমে একটি বড় বাটিতে দু'টি ডিম ফেটিয়ে নিন। তাতে চিনি, নুন এবং দুধ মিশিয়ে সাদা তেল ঢালুন। রসনাকে আরও একটু প্রশ্রয় দিতে চান? তেলের বদলে একটু মাখন গলিয়ে নিয়ে ঢালুন মিশ্রণে। সুগন্ধের জন্য এ বার মেশান ভ্যানিলা এক্সট্র্যাক্ট। হুইস্কার বা বিটার দিয়ে ভাল ভাবে মিশ্রণটিকে নেড়েচেড়ে নিন। অন্য একটি পাত্রে ময়দা এবং বেকিং পাউডার মিশিয়ে নিন। এক হাতে মিশ্রণটি নাড়ানো বন্ধ না করে, অন্য হাতে তাতে ধীরে ধীরে এই ময়দা ও বেকিং পাউডারের মিশেলটি ঢালতে থাকুন। খেয়াল রাখুন ময়দা যেন কোনও ভাবেই দলা পাকিয়ে না যায়। মিশ্রণ আঠালো না হওয়া পর্যন্ত নাড়তেই থাকুন। এর পরে একটি চাটু বা তাওয়ায় সামান্য তেল ব্রাশ দিয়ে মাখিয়ে নিন। তেল গরম হলে আপনার মিশ্রণ থেকে অর্ধেক কাপ তুলে নিয়ে তা গোলাকারে ছড়িয়ে দিন তাওয়ায়। মাঝারি আঁচে এক থেকে দেড় মিনিট রাখলে মিশ্রণে বুদবুদ তৈরি বন্ধ হয়ে যাবে। এই সময়ে খুন্তি নিয়ে অতি সাবধানে উল্টে দিন। একই ভাবে মিনিট দেড়েক সেঁকে দু'দিকেই বাদামি রঙের হালকা রং এলে তাওয়া থেকে প্যানকেক নামিয়ে রাখুন থালায়। মাথায় রাখবেন, সময়ের খানিক এদিক-ওদিক হলেই প্যানকেক হয় কাঁচা থেকে যাবে, কিংবা পুড়ে যাবে। বাকি মিশ্রণটিও শেষ করুন একই ভাবে। পাঁচ-ছ'টি প্যানকেক তৈরি হলে একটির উপরে অন্যটি চাপিয়ে সাজিয়ে নিন প্লেটে। ব্যস! পরিবেশনের আগে উপরে ছড়িয়ে দিন মধু।

## রাজস্থানি মিষ্টির স্বাদে উৎসবে আসুক অভিনবত্বের ছোঁয়া

সারা বছরই তো রসগোল্লা-সন্দেশে দিন কাটে। এ বার পুজোয় নতুন কিছু মিষ্টিতে চমকে দেবেন নাকি বাড়ির সবাইকে? বানিয়ে ফেলতে পারেন রাজস্থানি মুগ ডালের হালুয়া। উত্তর ভারতে উতবের আমেজের সঙ্গে ওতপ্রোত জড়িয়ে থাকে সুস্বাদু এই মিষ্টি।

কী ভাবে বানাবেন রাজস্থানি মুগ ডালের হালুয়া?



উপকরণ
মুগ ডাল: ১ কাপ
ঘি: ১/২ কাপ
সুজি: ১ টেবিল চামচ
দুধ: ২ কাপ
চিনি: ১ কাপ
কাজুবাদাম (ছোট ছোট টুকরো করো কাটা)
কাঠবাদাম (ছোট ছোট টুকরো করো কাটা)
এলাচ গুঁড়ো: ১/২ চা চামচ
জল: পরিমাণ মতো
নানজাফরান: এক চিমটে

প্রণালী
ভাল করে ডাল ধুয়ে দু''ঘণ্টার জন্য ভিজিয়ে রাখুন। তার পরে পুরোপুরি জল ঝরিয়ে নিয়ে ডাল বেটে আলাদা করে রেখে দিন। এ বার কড়াইয়ে ঘি আর সুজি নিয়ে অল্প আঁচে নাড়তে থাকুন। সুজির গন্ধ বেরোলে তার মধ্যে মুগ ডাল বাটা দিয়ে দিন। মাঝারি আঁচে রেখে মিশ্রণটি নাড়তে থাকুন, যাতে মুগ ডালের সঙ্গে ঘি একেবারে মিশে যায়। ধীরে ধীরে মিশ্রণটি মুচমুচে হয়ে আসবে। এই সময়ে দুধ দিয়ে দিন। তার পরে উপরে দিন জাফরান। ক্রমাগত নাড়তে থাকুন, যত ক্ষণ না দুধের সঙ্গে মুগ ডালের মিশ্রণটি একেবারে মিশে যায়। ভাল মতো পুরোটা মিশে গেলে চিনি দিয়ে দিন। চিনি গলে গিয়ে মিশে গেলে এ বার অল্প আঁচে নাড়তে থাকুন। মিশ্রণের চেহারা মোটামুটি মসৃণ হয়ে ধীরে ধীরে গাঢ় সোনালি রং হয়ে এলে ঘি ছেড়ে আসবে। তার পরে কাজুবাদাম, কাঠবাদাম, আর এলাচ গুঁড়ো দিয়ে খানিকক্ষণ নাড়িয়ে নামিয়ে নিন। এ বার আরও কিছু বাদামকুচি উপরে ছড়িয়ে পরিবেশন করুন।

## দেশি সবজিতেই বানিয়ে ফেলুন ভিনদেশি অভিনব পদ

বাড়িতে বাচ্চা থাকলে তাকে শাকসবজি খাওয়াতে জীবন প্রায় জেরবার হয়ে যায়! কিন্তু খাওয়াতে তো হবে। নতুন কোনও উপায়ে কিন্তু আপনার সন্তানকে অনায়াসেই শাকসবজি খাওয়াতে পারেন। এই পুজোয় সবজি দিয়েই বানিয়ে ফেলুন না নতুন ধরনের কোনও রেসিপি! এই যেমন, ভিনদেশি পদ ভেজিটেবল পট পাই।



উপকরণ-
লাউ, পেঁপে, মিষ্টি কুমড়ো, বরবটি, ৪ কাপ গাজর, চিকেন ব্রেস্ট আধ কাপের মতো, ১টি চিকেন স্টক কিউব।
১ চা চামচ আদা-রসুন বাটা, ১ কাপ সাদা সস, ১ টেবিল চামচ রসুন কুচি, ২ চা চামচ কাঁচা লঙ্কা কুচি, ধনেপাতা, ১ চা চামচ সাদা গোলমরিচের গুঁড়ো, ১/২ চা চামচ অরিগ্যানো, ১ চা চামচ তুলসি পাতা, ৩ টেবিল চামচ সয়াবিন তেল, পরিমাণ মতো নুন, ২ টো ১০ ইঞ্চির পাই পেস্ট্রি শিট।

প্রণালী-
সবজির খোসা ছাড়িয়ে মাঝারি আকারের কিউব করে কেটে নিয়ে আধ সেদ্ধ করে নিন। আদা রসুন বাটা এবং নুন মিশিয়ে চিকেন সেদ্ধ করুন। সেদ্ধ মাংস ছোট ছোট টুকরো করে নিন। প্যানে তেল গরম করে রসুন কুচি ভেজে নিন। সেদ্ধ করে রাখা সবজিগুলি ঢেলে দিয়ে সাঁতলে নিন এর পর। এর পরে চিকেন স্টক, সেদ্ধ করে রাখা চিকেন ও অন্যান্য উপকরণ একে একে মিশিয়ে নাড়তে থাকুন।

রান্না হয়ে গেলে নামিয়ে নিন। এর পর আভেনপ্রুফ ডিশে পাই পেস্ট্রি শিট বসিয়ে নিন। সবজি ঢেলে দিন এর উপরে। সবজির স্তরের পর আর একটা শিট বসিয়ে দিন। ছুরি দিয়ে ডিজাইন করে দাগ কেটে নিন তাতে। এর পরে ওভেনে ১৮০ ডিগ্রিতে বেক করে নিন ২৫ থেকে ৩০ মিনিট। নতুন স্বাদের ভেজিটেবল পট পাই তৈরি!

# চন্দ্রবাবু গ্রেফতারির প্রতিবাদ উত্তাল অন্ধ্রপ্রদেশ, বিক্ষোভ দেখাতে গিয়ে আটক পবন কল্যাণ




বিজয়ওয়াড়া, ১০ সেপ্টেম্বর (হি.স): চন্দ্রবাবু নাইডুর গ্রেফতারির প্রতিবাদে আজও উত্তাল অন্ধ্র প্রদেশ। চন্দ্রবাবু নাইডুর গ্রেফতারির প্রতিবাদে রবিবার বিক্ষোভ দেখাতে গিয়ে আটক হলেন অভিনেতা তথা জনসেনা পার্টির সভাপতি পবন কল্যাণ। আটক করা হয়েছে দলের প্রবীণ নেতা নাদেন্দলা মনোহরকেও।

শনিবার চন্দ্রবাবু নাইডুর গ্রেফতারির পরই প্রতিবাদে সরব হন জনসেনা পার্টির প্রধান পবন কল্যাণ। প্রাক্তন মুখ্যমন্ত্রীকে সমর্থন জানাতে হায়দরাবাদ থেকে বিজয়ওয়াড়ার দিকে রওনা দেন তিনি। কিন্তু পুলিশ তাঁর বিমানের উড়ানের অনুমতি না দেওয়ায় বাধ হয়ে সড়কপথেই বিজয়ওয়াড়ার দিকে রওনা দেন। এনটিআর জেলায় তাঁর কনভয়কে দুইবার আটকানো হলে, তিনি গাড়ি থেকে নেমে মঙ্গলাগিরির দিকে রওনা দেন। সেখানেও পুলিশ পথ আটকালে অনুমানচিপাল্লীর রাস্তায় শুয়ে পড়েন পবন কল্যাণ। এরপরই পুলিশ তাঁকে আটক করে। জোর করে গাড়িতে তোলা হয়। তাঁর সঙ্গে উপস্থিত ছিলেন দলের নেতা নাদেন্দলা মনোহরও। বিক্ষোভ-অশান্তি বাড়তেই তাঁদের আটক করে পুলিশ। অন্ধ্র প্রদেশ পুলিশের তরফে জানানো হয়েছে, এনটিআর জেলায় বিক্ষোভ দেখাচ্ছিলেন জনসেনা পার্টির সমর্থকরা। অশান্তি সৃষ্টি করতেই তাঁদের আটক করা হয়।

সূত্রের খবর, পবন কল্যাণ সহ আটক নেতাদের বিজয়ওয়াড়ায় নিয়ে যাওয়া হচ্ছে। তবে তাঁদের বিরুদ্ধে কোনও এফআইআর দায়ের করা হয়নি বলেই জানা গিয়েছে।

প্রসঙ্গত, দুর্নীতির অভিযোগে শনিবার ভোরেই গ্রেফতার হন অন্ধ্র প্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী চন্দ্রবাবু নাইডু। তাঁর বিরুদ্ধে অন্ধ্র প্রদেশ সরকারের স্কিল ডেভেলপমেন্ট স্কিমে ৩৭১ কোটি টাকার দুর্নীতির অভিযোগ রয়েছে। নির্বাচনী প্রচার সেরে শনিবার ভোরে তিনি যখন ভ্যানিটি ভ্যানে বিশ্রাম নিচ্ছিলেন, সেই সময়ই তাঁকে গ্রেফতার করে সিআইডি। গতকাল স্বাস্থ্য পরীক্ষার পর আজ ভোররাতে টিডিপি প্রধানকে অ্যান্টি-কোরাপশন ব্যুরোর আদালতে পেশ করা হয়।

## গোলাঘাটে কংগ্রেস থেকে বিজেপিতে যোগদান দেড় শতাধিকের

গোলাঘাট (অসম), ১০ সেপ্টেম্বর (হি.স.) : গোলাঘাট জেলার মেরাপনিতে কংগ্রেসের সঙ্গে সম্পর্ক ছিন্ন করে দেড়শো জন যোগদান করেছেন ভারতীয় জনতা পার্টি (বিজেপি)-তে।

আজ রবিবার জেলার সরুপানি গ্রাম পঞ্চায়েতে ভারতীয় জনতা পার্টি আয়োজন করেছিল যোগদান সভা। সরুপানি গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত বিনয়পুর গ্রামের দেড়শোর বেশি নাগরিক দীর্ঘদিন ধরে কংগ্রেসের সঙ্গে যুক্ত থেকে দলীয় কাজ করছিলেন।

ভারতীয় জনতা পার্টির নীতি-আদর্শের প্রতি আকৃষ্ট হয়ে স্বইচ্ছায় তাঁরা বিজেপিতে যোগদান করেছেন, বলেছেন কংগ্রেস-ছুটরা। এই দলের নীতি-আদর্শকে সম্মান জানিয়ে দলের কাজ করে যাওয়ার অঙ্গীকার করে ভারতীয় জনতা পার্টি জিন্দাবাদ, অজন্তা নেওগ জিন্দাবাদ স্লোগান দিয়েছেন নব্য-বিজেপি সদস্যরা।

আজকের যোগদান কার্যসূচিতে উপস্থিত ছিলেন গোলাঘাট জেলা বিজেপির সম্পাদক পোনা বরা, গমারির মণ্ডল সভাপতি নিরঞ্জন সন্দিকৈ, জিলা পরিষদ সদস্য অরুণ রাজবংশী, নীলকান্ত বসুমতারি সহ ভারতীয় জনতা পার্টির বিভিন্ন পদমর্যাদার কার্যকতারা।

## উত্তরাখণ্ডের চম্পাওয়াতে রাস্তায় ধ্বংসাবশ পড়ে টানাকপুর-পিথোরাগড় জাতীয় সড়কের দুটি জায়গায় যানচলাচল বিঘ্নিত

চম্পাবত, ১০ সেপ্টেম্বর (হি.স) : উত্তরাখণ্ডের চম্পাওয়াতে শনিবার রাত থেকে প্রবল বৃষ্টিপাতের দরুণ জাতীয় সড়কের দুটি স্থান অবরুদ্ধ হয়ে পড়েছে। ওই দুটি রাস্তায় প্রচুর ধ্বংসাবশেষ পড়ে রয়েছে, তারফলে ওইদুটি রাস্তায় যান চালচল ব্যাহত হয়েছে। এই কারণে রাস্তায় দুধারে গাড়ির লম্বা লাইন হয়ে দাঁড়িয়ে ছিল বহুক্ষণ। কোনও গাড়িই যাতায়াত করতে পারছিল না। সমস্যায় পড়েছিলেন স্থানীয় মানুষজন। যদিও এখন যান চলাচল স্বাভাবিক হয়েছে।

রবিবার সকাল সাড়ে ৫টা নাগাদ সোয়ালা এবং আমোদির মধ্যেকার রাস্তায় ধ্বংসাবশেষ পড়ে জাতীয় সড়কের যান চলাচল ব্যাহত হয়। সারিবদ্ধ হয়ে বহু গাড়ি রাস্তায় দাঁড়িয়েছিল। এনএইচ-র মেশিনগুলি সকাল থেকে ধ্বংসাবশেষ সরানোর কাজে লেগে পড়ায় পরের দিকে পরিস্থিতি স্বাভাবিক হয়। গাড়ি-বাস ও মানুষজনের যাতায়াতের সমস্যা মেটে। রাস্তার দুদিকে সারিবদ্ধভাবে দাঁড়িয়ে থাকা গাড়িগুলি রবিবার সকাল সাড়ে ১০ টা নাগাদ জ্যাম কাটিয়ে স্বাভাবিকভাবে যাতায়াত করতে শুরু করে। রবিবার সকাল থেকে অবিরাম বৃষ্টি পড়ে চলছে। সেজন্য ক্রমাগত ধ্বংসাবশেষ ও পাথর পড়ছে যা বিপদ ডেকে আনছে। পিথোরাগড় রোডের মীনা বাজারের কাছে ধ্বংসাবশেষের কারণে জাতীয় সড়ক বন্ধ ছিল। টনকপুর এলাকার পূর্ণগিরির হনুমান চট্টির কাছে রবিবার সকালে ভারী ধ্বংসাবশেষ পড়ে। দর্শনার্থীদের অনেক সমস্যার সম্মুখীন হতে হয়। দুর্যোগ কন্টোল রুম জানিয়েছে, চম্পাওয়াতে সর্বোচ্চ ৮৭ মিলিমিটার বৃষ্টিপাত হয়েছে।

## সোমবার থেকে অসম বিধানসভার শারদ অধিবেশন, পেশ হবে ২৩-২৪টি বিল : সংসদীয় মন্ত্রী

গুয়াহাটি, ১০ সেপ্টেম্বর (হি.স.) : আগামীকাল সোমবার ১১ সেপ্টেম্বর থেকে শুরু হবে অসম বিধানসভার পাঁচ দিনের শারদ অধিবেশন। চলবে ১৫ সেপ্টেম্বর পর্যন্ত। এই প্রথম অধিবেশন হবে নবনির্মিত অসম বিধানসভা ভবনে। জানা গেছে, শারদ অধিবেশনে প্রায় ২৩ থেকে ২৪টি বিল বিধানসভায় পেশ হবে।

বিধানসভার পাঁচদিনের অধিবেশন যাতে সুষ্ঠুভাবে সম্পন্ন হয়, সে জন্য আজ সকল পক্ষের কাছে আহ্বান জানানোর পাশাপাশি বিরোধীদের কাছ থেকে সহযোগিতা চেয়েছেন সংসদীয় পরিক্রমা মন্ত্রী পীযূষ হাজরিকা। সাংবাদিকদের মন্ত্রী হাজরিকা জানান, এবার নবনির্মিত অত্যাধুনিক সুবিধাযুক্ত অসম বিধানসভায় শারদ অধিবেশন সুচারুরূপে পরিচালিত হবে বলে আশাবাদী। বিরোধীদের বিগত দিনের মতোই সময় দেওয়ারও প্রতিশ্রুতি দিয়েছেন মন্ত্রী হাজরিকা। তিনি জানান, '১৪ এবং ১৫ সেপ্টেম্বর অধিবেশন সকাল ও বিকাল দুই শিফটে চলবে।

সংসদীয় পরিক্রমা মন্ত্রী পীযূষ জানান, 'এবারের শারদ অধিবেশনে পঞ্চায়েতিরাজ সংশোধন বিল, কয়েকটি মহাবিদ্যালয়কে বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করা সহ ২৩ থেকে ২৪টি গুরুত্বপূর্ণ বিল পেশ করা হবে। আমরা সর্বদলীয় বৈঠকে যথাযথ আলোচনার পর দুদিনের মধ্যে বিলগুলি পাস করার সিদ্ধান্ত নিয়েছি।' এদিকে, এবার বিরোধীরাও বিভিন্ন বিষয় নিয়ে বিতর্কে অংশগ্রহণ করে শাসক পক্ষকে চেপে ধরতে প্রস্তুতি নিচ্ছেন বলে জানা গেছে। এভাবে বিধানসভার শারদ অধিবেশনের জন্য প্রস্তুতি নিয়ে কোমর বেঁধেছে শাসক-বিরোধী উভয় পক্ষ।

## ভারত ও ফ্রান্সের মধ্যে শক্তিশালী দ্বিপাক্ষিক অংশীদারিত্ব রয়েছে : ইমানুয়েল ম্যাক্রোঁ

নয়াদিল্লি, ১০ সেপ্টেম্বর (হি.স.): ভারত ও ফ্রান্সের মধ্যে শক্তিশালী দ্বিপাক্ষিক অংশীদারিত্ব রয়েছে। এমনটাই মনে করেন ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ। রবিবার নতুন দিল্লিতে ফরাসি প্রেসিডেন্ট বলেছেন, 'আমাদের দুই দেশের মধ্যে অত্যন্ত শক্তিশালী প্রতিরক্ষা অংশীদারিত্ব ছিল, আমরা এই অংশীদারিত্বকে আরও শক্তিশালী করেছি, বিশেষ করে বিগত দুই বছরে। আমাদের ব্যাস্টিল ডে-র সময় আপনাদের প্রধানমন্ত্রীর সফর ছিল অত্যন্ত গুরুত্বপূর্ণ মুহূর্ত। ফরাসি জনগণ খুবই গর্বিত ছিল, তাঁরা আপনাদের দেশের প্রতি বন্ধুত্ব এবং সম্মান অনুভব করেছিল।'

ফরাসি প্রেসিডেন্টের সঙ্গে এদিন মধ্যাহ্নভোজের বৈঠক করেছেন প্রধানমন্ত্রী মোদী। এই বৈঠকে প্রসঙ্গে টুইট করে প্রধানমন্ত্রী মোদীই জানিয়েছেন, 'প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁর সঙ্গে অত্যন্ত ফলপ্রসূ মধ্যাহ্নভোজের বৈঠক হয়েছে। আমরা একাধিক বিষয় নিয়ে আলোচনা করেছি এবং ভারত-ফ্রান্স সম্পর্ককে অগ্রগতির নতুন উচ্চতায় পৌঁছে দেওয়ার জন্য মুখিয়ে আছি।'

## জি-২০ শীর্ষ সম্মেলনের ফাঁকে জাস্টিন ট্রুডোর সঙ্গে সাক্ষাৎ প্রধানমন্ত্রী মোদীর

নয়াদিল্লি, ১০ সেপ্টেম্বর (হি.স) : প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রবিবার জি-২০ শীর্ষ সম্মেলনের ফাঁকে তাঁর কানাডার প্রতিপক্ষ জাস্টিন ট্রুডোর সঙ্গে সাক্ষাৎ করেন। বিভিন্ন ক্ষেত্রে ভারত-কানাডা সম্পর্কের সম্পূর্ণ পরিসর নিয়ে আলোচনাও হয় উভয় দেশের প্রধানের মধ্যে। এক্স-এ একটি পোস্টের মাধ্যমে মোদী জানান, জি-২০ সম্মেলনের ফাঁকে তাঁর সঙ্গে কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডোর সাক্ষাৎ হয়েছিল। প্রধানমন্ত্রী মোদী আরও জানান, তাঁরা বিভিন্ন ক্ষেত্রে ভারত-কানাডা সম্পর্কের সম্পূর্ণ পরিসর নিয়ে আলোচনা করেছেন।

রবিবার সমাপ্ত হওয়া জি-২০ শীর্ষ সম্মেলনে বিশ্ব নেতারা জড়ো হওয়ার সঙ্গে সঙ্গে মোদী গত তিন দিনে বেশ কয়েকটি দ্বিপাক্ষিক বৈঠক করেছেন।

## করিমগঞ্জে নাবালিকার বিবস্ত্র মৃতদেহ, ধর্ষণের পর খুনের অভিযোগ, তদন্তে খোদ পুলিশ সুপার

করিমগঞ্জ (অসম), ১০ সেপ্টেম্বর (হি.স.) : করিমগঞ্জ জেলা সদরের উপকণ্ঠ সরিষা এলাকার জয়রাম কলোনিতে নিজেদের বসতঘর থেকে পৌলমী দাস (পরিবর্তিত নাম) নামের এক নাবালিকার বিবস্ত্র মৃতদেহ উদ্ধার হয়েছে। এ ঘটনাকে কেন্দ্র করে সংশ্লিষ্ট এলাকা সহ গোটা করিমগঞ্জ শহরে সৃষ্টি হয়েছে ব্যাপক চাঞ্চল্যের। ঘটনার তদন্তে নেমেছেন খোদ জেলার পুলিশ সুপার পার্থপ্রতিম দাস।

স্থানীয় উত্তেজিত বাসিন্দাদের অভিযোগ, অষ্টম শ্রেণির ছাত্রী নাবালিকাকে ধর্ষণ করে খুন করা হয়েছে। ঘটনায় সৃষ্ট উত্তপ্ত পরিস্থিতির পরিপ্রেক্ষিতে এলাকায় মোতায়েন করা হয়েছে পুলিশ ও সিআরপিএফ। চাপা ক্ষোভ বিরাজ করছে শহর জুড়ে। নাবালিকার মৃত্যুর প্রকৃত রহস্য উদঘাটন করে খুনের সঙ্গে জড়িত দুষ্কৃতীকে শনাক্ত করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি তুলেছে জেলা বিজেপি, যুব মোর্চা, বিজেপির সরিষা-মহিশাসন মণ্ডল সাধারণ সম্পাদক দেবদুলাল দাস থেকে শুরু করে বিভিন্ন হিন্দুত্ববাদী সংগঠন। পুলিশ সুপারের সঙ্গে সাক্ষাৎ করে এ ব্যাপারে স্মারকপত্রও তুলে দিয়েছেন যুব মোর্চার পদাধিকারীরা।

আজ রবিবার সকালে জয়রাম কলোনিতে ঘর থেকে মৃতদেহ উদ্ধার হয় অষ্টম শ্রেণির ছাত্রী পৌলমী দাসের। জানা গেছে, করিমগঞ্জ জেলার পাথারকান্দি বিধানসভা কেন্দ্রাধীন লোয়াইরপোয়া থেকে বেশ কয়েকদিন আগে সরিষায় এসে অস্থায়ীভাবে বসবাস করছিলেন ব্রজমোহন দাস (পরিবর্তিত নাম)। গত দুদিন আগে চার মেয়েকে ঘরে রেখে মনসা পূজা উপলক্ষ্যে গিয়েছিলেন লোয়াইরপোয়ায় গ্রামের বাড়িতে। আর আজ সকালে ঘর থেকে গোপনাঙ্গে রক্তাক্ত অবস্থায় মৃতদেহ উদ্ধার হয় ১৪ বছরের স্কুলছাত্রী পৌলমী দাসের।

সকালে ঘটনা চাউর হলে প্রতিবেশীরা খবর দেন সদর থানায়। খবর পেয়ে সঙ্গে সঙ্গে ছুটে আসেন অতিরিক্ত পুলিশ সুপার অমিতরাজ চৌধুরী, সদর থানার ওসি ভবেশ দিহিঙ্গিয়ারা। ঘটনায় উত্তেজনা ছড়ালে ছুটে যান পুলিশ সুপার পার্থপ্রতিম দাস।

স্থানীয়দের কাছে জানা গেছে, মৃতার বিছানার পাশে উদ্ধার হয়েছে একটি এটিএম কার্ড। ম্যাজিস্ট্রেট রংভে ইংভির উপস্থিতিতে পৌলমীর মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে শিলচর মেডিক্যাল কলেজ হাসপাতালে।জনৈক প্রতিবেশী জানান, সাতসকালে তারা উলঙ্গ অবস্থায় পৌলমী দাসের মৃতদেহ প্রত্যক্ষ করেন। মৃতার অবস্থান দেখে তাঁদের স্পষ্ট ধরণা, মেয়েটিকে ধর্ষণ করা হয়েছে।

পুলিশ সুপার পার্থপ্রতিম দাস বলেন, প্রাথমিক তদন্ত শুরু হয়েছে। নাবালিকার মৃতদেহ উদ্ধার করে বিশেষ ময়নাতদন্তের জন্য শিলচরে পাঠানো হয়েছে। গোটা ঘটনাটি পুলিশ বিশেষভাবে গুরুত্ব সহকারে তদন্ত করছে। ময়নাতদন্তের রিপোর্ট আসলে মৃত্যুর আসল কারণ জানা যাবে। এর পর তদন্তের গতি বাড়বে, জানান পুলিশ সুপার।

## হাওড়ায় নিজের ঘর থেকে উদ্ধার পুরসভার সাফাই কর্মীর গলা কাটা রক্তাক্ত দেহ, এলাকায় চাঞ্চল্য

হাওড়া, ১০ সেপ্টেম্বর (হি.স): নিজের বাড়ি থেকে উদ্ধার হাওড়া পুরসভার এক সাফাই কর্মীর গলা কাটা রক্তাক্ত দেহ। শনিবার রাতের উত্তর হাওড়ার সালকিয়ার কুলতলা লেনের এই ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। পরিবারের অভিযোগ, বন্ধুর সঙ্গে মদ খাওয়ার সময় সেই মদের আসরেই ওই ব্যক্তি শঙ্খকে খুন করে। গোটা ঘটনার তদন্ত শুরু করেছে মালিপাঁচঘড়া থানার পুলিশ। শঙ্খের দেহ ময়নাতদন্তে পাঠানোর পাশাপাশি রবিবার দুপুরে ঘটনাস্থলে ফরেনসিক বিশেষজ্ঞরা যান। তিনি খুন হয়েছেন কি না, যদি খুন হয়ে থাকেন তাহলে কে বা কারা তাঁকে খুন করলে, তা খতিয়ে দেখছেন ফরেনসিক বিশেষজ্ঞরা।

শঙ্খ চট্টোপাধ্যায় ওরফে মধু নামে ওই ব্যক্তির এক দাদা প্রভাস কুমার রবিবার জানালেন, শনিবার দুপুর ১২টা নাগাদ শঙ্খের কোনও এক বন্ধু তাঁদের বাড়িতে আসে। তারপর শঙ্খের সঙ্গে একতলার ঘরে বসেই গল্পগুজব করছিল সে। দুপুরবেলা বাড়ির দোতলায় উঠে দুই বন্ধু শঙ্খের মায়ের কাছে মধ্যাহ্নভোজ সারে। তারপর আবার একতলার ঘরে বসে মদ খেতে শুরু করে দুই বন্ধু। শঙ্খের অপর এক দাদা দেখেন সন্ধে পর্যন্ত দুই বন্ধু ঘরে বসেই গল্পগুজব করছে ও মদ্যপান করছে। এরপর রাত ১০টা নাগাদ শঙ্খের ওই দাদাই দেখেন, শঙ্খের ওই ঘরের আলো, পাখা জ্বলছে। দরজা ভেজানো রয়েছে। ঘরে ঢুকে তিনি দেখেন মেঝেতে শঙ্খের রক্তাক্ত দেহ পড়ে রয়েছে। মেঝেতে ভাঙা মদের বোতল, কাঁচের গ্লাসের পাশাপাশি ওই ঘরের খাটে পড়ে রয়েছে আপেল ও একটি চশমা।

শঙ্খের দাদা প্রভাস কুমার আরও জানালেন, শঙ্খের চশমা পরতেন না। ওই চশমাটি তাঁর বন্ধুরই। দাদার অভিযোগ, মদের কাঁচের গ্লাস ভেঙে সেই ভাঙা অংশ গলায় চালিয়ে তাঁর ভাইকে খুন করা হয়েছে। শঙ্খের পরিবারের তরফে আরও জানানো হয়েছে, বন্ধু তাঁর সঙ্গে মদ খেতে এসেছিল আহিরিটোলা থেকে। ওই বন্ধু নিয়মিত শঙ্খদের বাড়িতে আসতেন না বলেও তাঁর পরিবারের তরফে জানানো হয়েছে। পুলিশ মৃতের পরিবারের সমস্ত বক্তব্য খতিয়ে দেখে তদন্ত শুরু করেছে।

প্রসঙ্গত, হাওড়া পুরসভার সাফাই কর্মী শঙ্খ জেলাশাসকের বাংলোয় কর্তব্যরত ছিলেন। বিয়ে করেননি শঙ্খ। মায়ের সঙ্গে সালকিয়ার ওই বাড়িতেই থাকতেন। তাঁর কোনও শত্রু ছিল না বলেই প্রতিবেশীরা জানিয়েছেন। তা সত্ত্বেও কেন তাঁর এই পরিণতি হল তা কেউই বুঝে উঠতে পারছেন না।

## মেটেলিতে দেব ও সোহমের শুটিং দেখতে উপচে পড়ল ভিড়

মেটেলি, ১০ সেপ্টেম্বর (হি.স): ছুটির দিনে দেব ও সোহমের শুটিং দেখতে মানুষের ভিড় উপচে পড়ল মেটেলিতে। ভিড় সামলাতে রীতিমতো হিমশিম খেতে হয় মেটেলি থানার পুলিশকে। রবিবার মেটেলি বালিকা বিদ্যালয় ও নাগেশ্বরী প্রাথমিক বিদ্যালয়ে 'প্রধান' ছবির শুটিং হয়। শুটিংয়ে পুলিশের পোশাক পরে হাজির হয় টলিউড অভিনেতা দেব ও সোহম। এদিন নাগেশ্বরীতে একটি ভোটগ্রহণ কেন্দ্রের শুটিং হয়। গত কয়েকদিন ধরেই ডুয়ার্সের বিভিন্ন এলাকায় এই ছবির শুটিং চলছে। প্রসঙ্গত, প্রেক্ষাগৃহে রমরমিয়ে

## 'অতিথি দেব ভব'-তে মুগ্ধ ঋষি সুনক, রওনা দিলেন ব্রিটেনের উদ্দেশে

নয়াদিল্লি, ১০ সেপ্টেম্বর (হি.স) : ব্রিটেনের প্রধানমন্ত্রী ঋষি সুনক নয়াদিল্লিতে সফল জি-২০ শীর্ষ সম্মেলনে যোগদানের পর রবিবার প্রস্থান করার সঙ্গে সঙ্গে ভারতে তার দুই দিনের দীর্ঘ সফর শেষ করেছেন।

ব্রিটেনের প্রধানমন্ত্রী ঋষি সুনক ভারত থেকে যাওয়ার সময় জি-২০ শীর্ষ সম্মেলনের সভাপতিকে অভিনন্দন জানান। তিনি বলেন, জি-২০ শীর্ষ সম্মেলন একটা উচ্চাভিলাষী, অন্তর্ভুক্তিমূলক, দৃঢ়প্রতিজ্ঞ এবং কর্মমুখী সম্মেলন। যারা এই সম্মেলনের সঙ্গে জড়িত ছিলেন তাদেরকেও ধন্যবাদ জানান ঋষি সুনক। ব্রিটিশ হাইকমিশনার অ্যালেক্স এলিস রবিবার বলেন, ভারতীয় হোস্ট যারা 'অতিথি দেব ভব' প্রদর্শন করেছেন তাদেরকেও ধন্যবাদ জানান ব্রিটেনের প্রধানমন্ত্রী।


শুক্রবার জি-২০ শীর্ষ সম্মেলনে যোগ দেওয়ার জন্য দিল্লিতে এসেছিলেন সুনক। স্ত্রী অক্ষতা মূর্তির সঙ্গে রবিবার রাজঘাটে মহাত্মা গান্ধীর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন তাঁরা। তারপর তাঁরা বিএপিএস স্বামীনারায়ণ অক্ষরধাম মন্দিরে প্রার্থনা করেন। এই সম্মেলনে ঋষি সুনক জাতিসংঘ সমর্থিত জলবায়ু তহবিলে ২ বিলিয়ন দেওয়ার কথা ঘোষণা করেছেন, যা বিশ্বকে জলবায়ু পরিবর্তন মোকাবিলায় গুরুত্বপূর্ণভাবে সাহায্য করবে।

## নিখোঁজ বিএসএফ জওয়ানের দেখা মিলল বিহারের বিহান গ্রামে

পুঞ্চ, ১০ সেপ্টেম্বর (হি.স) : নিখোঁজ বিএসএফ জওয়ানকে রবিবার বিহারের একটি গ্রামে পাওয়া যায়। শুক্রবার থেকে নিখোঁজ ছিলেন ওই বিএসএফ জওয়ান। তিনি প্রকৃতপক্ষে বিহারের বাসিন্দা।

পুঞ্চ জেলার নিয়ন্ত্রণ রেখা সংলগ্ন বালাকোট সেক্টরের ফরোয়ার্ড ভরনিতে কর্মরত অবস্থায় শুক্রবার থেকে নিখোঁজ ছিলেন এক বিএসএফ জওয়ান। তাঁকে রবিবার বিহারের বিহান গ্রামে পাওয়া যায়। সরকারী সূত্র জানিয়েছে, পুঞ্চের একটি ফরোয়ার্ড পোস্টে জানা যায় যে রহস্যজনকভাবে নিখোঁজ হয়েছে এক বিএসএফ জওয়ান। খবর পেয়েই মামলার তদন্ত শুরু করে পুলিশ। এরপর তদন্তে তাঁকে বিহারের বিহান গ্রামে পাওয়া যায়। বিএসএফ জওয়ানের নাম অমিত পাসওয়ান। তিনি প্রকৃতপক্ষে বিহারের বাসিন্দা।

## কয়েকটি ট্রেনের অতিরিক্ত স্টপেজের সিদ্ধান্ত উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের




গুয়াহাটি, ১০ সেপ্টেম্বর (হি.স.) : যাত্রীদের সুবিধার প্রতি লক্ষ্যে রেখে উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের অধীন স্টেশনগুলিতে কয়েকটি ট্রেনের দু মিনিট করে অতিরিক্ত স্টপেজ দেওয়ার সিদ্ধান্তগ্রহণ করা হয়েছে। সে অনুযায়ী, ৯ সেপ্টেম্বর থেকে বাগডোগরা স্টেশনে ট্রেন নম্বর ০৫৬৭১/০৫৬৭২ গুয়াহাটি-রাঁচি-গুয়াহাটি স্পেশালের অতিরিক্ত স্টপেজ দেওয়া হয়েছে। ৯ সেপ্টেম্বর থেকে যাত্রা করার জন্য নির্ধারিত ট্রেন নম্বর ০৫৬৭১ গুয়াহাটি-রাঁচি স্পেশাল ট্রেনটি বাগডোগরা স্টেশনে ২২.০০ ঘণ্টায় পৌঁছবে এবং ২২.০২ ঘণ্টায় প্রস্থান করবে। ১০ সেপ্টেম্বর যাত্রা করার জন্য নির্ধারিত ট্রেন নম্বর ০৫৬৭২ রাঁচি-গুয়াহাটি স্পেশাল ট্রেনটি বাগডোগরা স্টেশনে ১২.২০ ঘণ্টায় পৌঁছবে এবং ১২.২২ ঘণ্টায় প্রস্থান করবে।

এছাড়া, ১৪ সেপ্টেম্বর থেকে পরীক্ষামূলকভাবে কুমেদপুর স্টেশনে ট্রেন নম্বর ১৩১৪৮/১৩১৪৭ বামনহাট-শিয়ালদহ-বামনহাট উত্তরবঙ্গ এক্সপ্রেসের অতিরিক্ত স্টপেজ দেওয়া হয়েছে। ট্রেন নম্বর ১৩১৪৮ বামনহাট-শিয়ালদহ উত্তরবঙ্গ এক্সপ্রেস কুমেদপুর স্টেশনে ২০.২০ ঘণ্টায় পৌঁছাবে এবং ২০.২২ ঘণ্টায় প্রস্থান করবে। ট্রেন নম্বর ১৩১৪৭ শিয়ালদহ-বামনহাট উত্তরবঙ্গ এক্সপ্রেস কুমেদপুর স্টেশনে ০৩.৩৮ ঘণ্টায় পৌঁছাবে এবং ০৩.৪০ ঘণ্টায় প্রস্থান করবে।

অন্যদিকে, ১৫ সেপ্টেম্বর থেকে পরীক্ষামূলকভাবে ডালখোলা স্টেশনে ট্রেন নম্বর ১৩১৪২/১৩১৪১ নিউ আলিপুরদুয়ার-শিয়ালদহ-নিউ আলিপুরদুয়ার তিস্তা তোর্সা এক্সপ্রেসের অতিরিক্ত স্টপেজ দেওয়া হয়েছে। ট্রেন নম্বর ১৩১৪২ নিউ আলিপুরদুয়ার-শিয়ালদহ তিস্তা তোর্সা এক্সপ্রেস ডালখোলা স্টেশনে ১৭.২৬ ঘণ্টায় পৌঁছাবে এবং ১৭.২৮ ঘণ্টায় প্রস্থান করবে। ট্রেন নম্বর ১৩১৪১ শিয়ালদহ-নিউ আলিপুরদুয়ার তিস্তা তোর্সা এক্সপ্রেস ডালখোলা স্টেশনে ০০.০৮ ঘণ্টায় পৌঁছবে এবং ০০.১০ ঘণ্টায় প্রস্থান করবে।

এই ট্রেনগুলির স্টপেজ ও সময়সূচির বিশদ বিবরণ আইআরসিটিসি ওয়েবসাইট ও এনটিইএস-এর মাধ্যমে পাওয়া যাবে এবং বিভিন্ন খবরের কাগজ ও উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের সোশাল মিডিয়া প্ল্যাটফর্মেও অধিসূচিত করা হয়েছে। আজ রবিবার এক প্রেসবার্তায় উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিক সব্যসাচী দে এ খবর জানিয়ে যাত্রীদের যাত্রার করার আগে বিশদ বিবরণগুলি দেখে নেওয়ার জন্য অনুরোধ জানিয়েছেন।

## নবগ্রাম থানার লকআপে ব্যক্তির মৃত্যুর ঘটনায় পুলিশকর্মীদের জিজ্ঞাসাবাদ করল সিআইডি

কলকাতা, ১০ সেপ্টেম্বর (হি.স): গত মাসে মুর্শিদাবাদের নবগ্রাম থানায় পুলিশি হেফাজতে গোবিন্দ ঘোষ নামে এক ব্যক্তির মৃত্যুর ঘটনায় নবগ্রাম থানার পুলিশকর্মীদের জিজ্ঞাসাবাদ করল সিআইডি। রবিবার নবগ্রাম থানার কনস্টেবল ও সিভিক ভলান্টিয়ার মিলিয়ে ৬ জনকে জিজ্ঞাসাবাদ করা হয়। তাঁদের বয়ানও রেকর্ড করা হয় মুর্শিদাবাদ জেলা সিআইডি দফতরে। সোমবার অর্থাৎ আগামিকাল থানার মহিলা পুলিশকর্মীদের তলব করা হয়েছে।

সিআইডি সূত্রে খবর, ইতিমধ্যেই ঘটনার সময় উপস্থিত নবগ্রাম থানার পুলিশকর্মীদের তালিকা সংগ্রহ করেছেন তদন্তকারীরা। হাইকোর্টের নির্দেশেই এই মামলার তদন্ত এগোচ্ছে। ইতিমধ্যেই তিনজন সাব ইন্সপেক্টর-সহ ঘটনার সময় উপস্থিত অফিসারদের বয়ান রেকর্ড করা হয়েছে। প্রত্যেকের বয়ানের ভিডিয়ো রেকর্ডও করা হচ্ছে। সূত্রের খবর, মৃত গোবিন্দ ঘোষকে অবৈধভাবে তুলে থানায় নিয়ে আসা হয়েছিল বলে থানার পুলিশকর্মীরা বয়ানে স্বীকারও করেছেন।

নবগ্রামের সিঙ্গার গ্রাম। সে গ্রামেরই বাসিন্দা ছিলেন গোবিন্দ ঘোষ। তাঁকে পুলিশি লকআপে পিটিয়ে মারার অভিযোগ ওঠে। অভিযোগ ছিল, জিজ্ঞাসাবাদের নামে তিনদিন ধরে গোবিন্দকে থানায় আটকে রাখে নবগ্রাম থানার পুলিশ। এরপর ৪ অগস্ট রাতে তাঁর দেহ উদ্ধার হয়। এই মৃত্যুকে কেন্দ্র করে রণক্ষেত্রের চেহারা নেয় এলাকা। পরিবারের অভিযোগ, পুলিশ লকআপে মারধর করে। তাতেই মারা যান গোবিন্দ। পুলিশের বিরুদ্ধে কার্যত ক্ষোভে ফেটে পড়েন এলাকার লোকজন। দেহ ময়নাতদন্তের জন্য নিয়ে যাওয়ার পথে বাধার মুখে পড়ে পুলিশ। ব্যাপক ধস্তাধস্তিও হয়। সেই ঘটনার তদন্ত শুরু করে সিআইডি। এবার পুলিশকে জিজ্ঞাসাবাদ শুরু করল তারা।-

## ২০২৬ সালে জি-২০ শীর্ষ সম্মেলনের আয়োজন করবে আমেরিকা : হোয়াইট হাউস

ওয়াশিংটন, ১০ সেপ্টেম্বর (হি.স) : মার্কিন যুক্তরাষ্ট্র ২০২৬ সালে জি-২০ শীর্ষ সম্মেলনের আয়োজন করবে, এমনটাই জানিয়েছে হোয়াইট হাউস। বিশ্ব অর্থনীতি, জলবায়ু সংকট এবং রাশিয়া-ইউক্রেন যুদ্ধের মতো অনেক সমস্যার সঙ্গে মোকাবিলা এখন বিশ্বকে করতে হচ্ছে। বিভিন্ন সমস্যার মধ্যে দিয়ে বিশ্বের মানুষকে যেতে হচ্ছে এই সময়ে। এই পরিস্থিতিতে দাঁড়িয়ে নয়াদিল্লিতে ভারতের সভাপতিত্বে জি-২০ সম্মেলন সবকিছুর মোকাবিলা করতে সক্ষম।

হোয়াইট হাউস জানিয়েছে, ভারতের নেতৃত্বে যে অগ্রগতি হয়েছে তাকে এগিয়ে নিয়ে যেতে আমেরিকা প্রতিশ্রুতিবদ্ধ। আমেরিকা জানিয়েছে, ২০২৬ সালে জি-২০ সম্মেলন রাজধানী ওয়াশিংটনে অনুষ্ঠিত হবে। হোয়াইট হাউস এই তথ্য বিশ্ববাসীর উদ্দেশে জানিয়েছে। হোয়াইট হাউস জানিয়েছে, ভারতের রাজধানী নয়াদিল্লিতে অনুষ্ঠিত জি-২০ শীর্ষ সম্মেলন সবচেয়ে গুরুতর সমস্যার সমাধানের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ ও বড় পদক্ষেপ। ২০২৪ সালে ব্রাজিলে এবং ২০২৫ সালে দক্ষিণ আফ্রিকায় জি-২০ শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হবে।

## সিগন্যাল বিভ্রাটে বর্ধমানে আটকে পড়ল বন্দে ভারত এক্সপ্রেস, গন্তব্যে পৌঁছতে দেরি যাত্রীদের

বর্ধমান, ১০ সেপ্টেম্বর (হি.স.): ফের বিভ্রাটের শিকার হল ভারতের স্বপ্নের বন্দে ভারত এক্সপ্রেস। রবিবার সকালে মাঝপথে সিগন্যাল বিভ্রাটের মুখে পড়ে আটকে থাকল আপ বন্দে ভারত এক্সপ্রেস। খানা জংশন স্টেশনে সিগন্যাল পয়েন্টে ত্রুটির কারণে বর্ধমান স্টেশনের ১ নম্বর প্লাটফর্মে দাঁড়িয়ে যায় বন্দে ভারত। প্রায় আধ ঘণ্টা দাঁড়িয়ে থাকে ট্রেনটি। রবিবার নির্দিষ্ট সময়সূচি মেনে সকাল ৫.৫৫ মিনিটে হাওড়া থেকে জলপাইগুড়ির উদ্দেশে রওনা দেয় বন্দে ভারত এক্সপ্রেস। সকাল ৬টা ৫০ মিনিট নাগাদ ট্রেনটি এসে পৌঁছয় বর্ধমান স্টেশনে। কিন্তু সেখানে সিগন্যালে ত্রুটি ধরা পড়ে। তার পর দীর্ঘ সময় দাঁড়িয়ে থাকে বন্দে ভারত এক্সপ্রেস। এ নিয়ে পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র বলেন, "খানা জংশন স্টেশনে সিগন্যালে যান্ত্রিক গোলযোগের কারণে আপ বন্দে ভারত এক্সপ্রেস বর্ধমান স্টেশনে আটকে পড়ে। সকাল ৬টা ৫০ মিনিট থেকে ৭ টা ২৫ মিনিট পর্যন্ত দাঁড়িয়ে থাকে ট্রেন। ৩৫ মিনিট পর নির্দিষ্ট গন্তব্যে রওনা দেয় ট্রেনটি।" এই ত্রুটির জন্য গন্তব্যে পৌঁছতে দেরি হয়েছে যাত্রীদের।

## ভবিষ্যতের নির্বাচনে কংগ্রেসকে পরাজিত করাই আমাদের লক্ষ্য : কুমারস্বামী

বেঙ্গালুরু, ১০ সেপ্টেম্বর (হি.স.): ভবিষ্যতের নির্বাচনে কংগ্রেসকে পরাজিত করাই যে জেডিএস-এর এখন মূল লক্ষ্য তা জানিয়ে দিলেন এইচ ডি কুমারস্বামী।রবিবার বেঙ্গালুরুতে সাংবাদিকদের মুখোমুখি হয়ে কর্ণাটকের প্রাক্তন মুখ্যমন্ত্রী ও জেডিএস নেতা এইচ ডি কুমারস্বামী বলেছেন, 'কীভাবে রাজ্যের বর্তমান সরকার চলছে, তা আমরা সবাই দেখতে পাচ্ছেন। আমাদের লক্ষ্য হল ভবিষ্যতের নির্বাচনে কংগ্রেসকে পরাজিত করা।' বিজেপি-জেডিএস জোট প্রসঙ্গে কুমারস্বামী বলেছেন, 'আসন সমঝোতার সঙ্গে সম্পর্কিত বিষয়টি আমরা সমাধান করব।'এদিকে, আসন্ন লোকসভা নির্বাচনে বিজেপি-জেডিএস জোট প্রসঙ্গে জেডিএস দলের রাজ্য সভাপতি সি এম ইব্রাহিম বলেছেন, 'জেডিএস এখনও তোমন কোনও সিদ্ধান্ত নেয়নি। আমরা অপেক্ষায় আছি এবং আলোচনা চলছে।'

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

বিজ্ঞাপন বিভাগ
জাগরণ

## জরুরী পরিষেবা



**হাসপাতাল :** জিবি : ২৩৫-৫৮৮৮ আইজিএম : ২৩২-৫৬০৬, টি এম সি : ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), **আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

## রাজভবন থেকে চিঠি গেল নবান্নে, মুখবন্ধ খামে গোপনীয় বার্তা নিয়ে জল্পনা

কলকাতা, ১০ সেপ্টেম্বর (হি.স.): মধ্যরাতের মধ্যে শিক্ষাক্ষেত্রে বড় পদক্ষেপের হুঁশিয়ারি দিয়েছিলেন রাজ্যপাল ডঃ সি ভি আনন্দ বোস। রাজ্যপালের বক্তব্যের পরিপ্রেক্ষিতে নাম না করে সামাজিক মাধ্যমে তীব্র আক্রমণও শানিয়েছিলেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। রাজ্যপালের হুঁশিয়ারি মতোই মধ্যরাতের কিছু আগেই শনিবার রাত ১১.৪২ মিনিটে রাজভবনের তরফে জানানো হয়েছে, রাজ্যপাল একটি বার্তা পাঠিয়েছেন নবান্নে। সেই বার্তা গিয়েছে কেন্দ্রীয় সরকারের কাছেও।

মুখবন্ধ খামে গোপনীয় বার্তা পাঠিয়েছেন রাজ্যপাল বোস। কিন্তু তাতে কী রয়েছে তার কোনও ইঙ্গিতও দেয়নি রাজভবন। মুখবন্ধ খামে গোপনীয় বার্তা নিয়ে ইতিমধ্যেই শুরু হয়েছে জল্পনা। সম্প্রতি যাদবপুর-সহ কয়েকটি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বদলের জন্য মধ্যরাতকেই বেছে নিয়েছিলেন রাজ্যপাল বোস। এ নিয়ে শাসক দল তৃণমূল তথা রাজ্য সরকারের পক্ষে প্রশ্নও তোলা হয়। রাজ্যপাল কেন রাতেই বড় বড় সিদ্ধান্ত নেন, তা নিয়ে প্রশ্ন তোলেন স্বয়ং মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ও। শনিবারও 'বড়' সিদ্ধান্ত জানানোর ইঙ্গিত দিয়ে মধ্যরাতের কথা বলেছিলেন বোস। আর মধ্যরাতেই আগেই মুখবন্ধ খামে গোপনীয় বার্তা পৌঁছে গেল নবান্নে।

## গান্ধীজির আদর্শ সম্মিলিত দৃষ্টিভঙ্গিকে অন্তর্ভুক্তিমূলক ও সমৃদ্ধ বৈশ্বিক ভবিষ্যতের পথ দেখায় : প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ১০ সেপ্টেম্বর (হি.স.): জাতির জনক মহাত্মা গান্ধীকে আরও একবার শ্রদ্ধার সঙ্গে স্মরণ করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। রবিবার সকালে এক্স হ্যান্ডেল মাধ্যমে প্রধানমন্ত্রী মোদী জানিয়েছেন, 'গান্ধীজির নিরন্তর আদর্শ আমাদের সম্মিলিত দৃষ্টিভঙ্গিকে সুরেলা, অন্তর্ভুক্তিমূলক ও সমৃদ্ধ বৈশ্বিক ভবিষ্যতের পথ দেখায়।' ভারতের পৌরহিত্যে জি-২০ শিখর সম্মেলনের দ্বিতীয় দিনে, রবিবার সকালে দিল্লির রাজঘাটে গিয়ে মহাত্মা গান্ধীকে শ্রদ্ধা নিবেদন করেছেন বিশ্বনেতারা।

প্রধানমন্ত্রী মোদী টুইট করে জানিয়েছেন, 'আইকনিক রাজঘাটে, জি-২০ পরিবার মহাত্মা গান্ধীর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছে - শান্তি, সেবা, সমবেদনা এবং অহিংসার আলোক-সংকেত। বিভিন্ন দেশ একত্রিত হওয়ার সঙ্গে সঙ্গে, গান্ধীজির কালজয়ী আদর্শ আমাদের সম্মিলিত দৃষ্টিভঙ্গিকে একটি সুরেলা, অন্তর্ভুক্তিমূলক এবং সমৃদ্ধ বৈশ্বিক ভবিষ্যতের জন্য পথ দেখায়।'

## এই বছরের শিখর সম্মেলন প্রমাণ করেছে জি-২০ এখনও সমাধান করতে পারে : জো বাইডেন

নয়াদিল্লি, ১০ সেপ্টেম্বর (হি.স.): এই বছরের শিখর সম্মেলন প্রমাণ করেছে জি-২০ এখনও সমাধান করতে পারে। ভারতের পৌরহিত্যে জি-২০ শিখর সম্মেলনের প্রশংসায় বললেন আমেরিকার রাষ্ট্রপতি জো বাইডেন। রবিবার এক্স হ্যান্ডেলে মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন জানিয়েছেন, 'এমন এক মুহুর্তে যখন বিশ্ব অর্থনীতি জলবায়ু সংকট, ভঙ্গুরতা এবং সংঘাতের অধিক্রমণের ধাক্কায় ভুগছে, এই সময়ে এই বছরের শিখর সম্মেলন প্রমাণ করেছে, জি-২০ এখনও আমাদের সবচেয়ে গুরুত্বপূর্ণ সমস্যার সমাধান করতে পারে।'

মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের ভারত সফরের সমাপ্তি হয়েছে রবিবার, রবিবার সকালেই দিল্লি থেকে বিশেষ বিমানে ভিয়েতনাম রওনা হয়েছেন মার্কিন প্রেসিডেন্ট। ভারত সফরের অন্তিম দিনে রবিবার সকালে দিল্লির রাজঘাটে জাতির জনক মহাত্মা গান্ধীর প্রতি শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন বাইডেন-সহ অন্যান্য জি-২০ নেতারা। এর পরই দিল্লি থেকে ভিয়েতনামের উদ্দেশ্যে রওনা হন বাইডেন।

## সস্ত্রীক অক্ষরধাম মন্দিরে পুজো দিলেন ঋষি সুনক, কাটিয়েছেন অনেকটাই সময়

নয়াদিল্লি, ১০ সেপ্টেম্বর (হি.স.): সস্ত্রীক দিল্লির অক্ষরধাম মন্দিরে পুজো দিয়েছেন ব্রিটিশ প্রধানমন্ত্রী ঋষি সুনক। রবিবার সকালে অক্ষরধাম মন্দিরে পৌঁছে যান ঋষি সুনক। ব্রিটিশ প্রধানমন্ত্রীর এই আগমণকে ঘিরে নিরাপত্তা যথেষ্ট আঁটোসাঁটো ছিল। মন্দিরে অনেকটাই সময় কাটিয়েছেন ব্রিটিশ প্রধানমন্ত্রী। পুজো দেওয়ার পর ঋষি ফিরে যান, সেখান থেকে তিনি যান রাজঘাটে। রাজঘাটে জাতির জনক মহাত্মা গান্ধীকে শ্রদ্ধা নিবেদন করেছেন ঋষি।

অক্ষরধাম মন্দিরে ঋষি সুনকের পুজো দেওয়া প্রসঙ্গে মন্দিরের ডিরেক্টর জ্যোতিন্দ্র দাভে বলেছেন, 'তাঁর অভিজ্ঞতা অসাধারণ ছিল, তিনি অনেক আস্থা ও বিশ্বাসের সঙ্গে পুজো ও আরতি করেছেন। আমরা তাঁকে মন্দির দেখিয়েছিলাম এবং উপহার হিসেবে মন্দিরের একটি মডেলও দিয়েছি...তিনি এখানে প্রতিটা মিনিট উপভোগ করেছেন। সে সময় বাড়াতেই থাকে...তাঁর স্ত্রীও খুব খুশি ছিলেন।'

## রাতভর সিআইডি-র জেরার মুখে চন্দ্রবাবু, মেডিকেল টেস্টের পর আদালতে পেশ টিডিপি প্রধানকে

বিজওয়াড়া, ১০ সেপ্টেম্বর (হি.স.): 'অন্ধ্রপ্রদেশ স্কিল ডেভেলপমেন্ট' মামলায় ধৃত চন্দ্রবাবু নায়ডুকে আদালতে পেশ করল তদন্তকারী সংস্থা সিআইডি। শনিবার সকালে অন্ধ্রপ্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা তেলুগু দেশম পার্টি (টিডিপি)-র প্রধান চন্দ্রবাবুকে গ্রেফতার করার পর মধ্যরাত অবধি জিজ্ঞাসাবাদ পর্ব চলে। রবিবার সকালে চন্দ্রবাবুকে বিজয়ওয়াড়ায় দুর্নীতি বিরোধী আদালতে পেশ করা হয়। তারও আগে ভোর ৩টে ৪০ মিনিটে স্থানীয় সরকারি হাসপাতালে স্বাস্থ্যপরীক্ষা করানো হয় প্রবীণ এই রাজনীতিকের।

ভোর থেকেই আদালতের সামনে জড়ো হতে থাকেন টিডিপি সমর্থকেরা। চন্দ্রবাবুর সমর্থনে স্লোগান দিতে শুরু করেন তাঁরা। কড়া পুলিশি নিরাপত্তায় আদালতে ঢোকেন চন্দ্রবাবু। তাঁর হয়ে আদালতে সওয়াল করেন আইনজীবী সিদ্ধার্থ লুথরা এবং অন্য আইনজীবীরা। নিম্ন আদালতের বিচারক এখনও রায় ঘোষণা করেননি বলে জানা গিয়েছে। তবে সিআইডি সূত্রে খবর, দুর্নীতি মামলায় চন্দ্রবাবুকে আরও জিজ্ঞাসাবাদের প্রয়োজন। তাই তাঁকে হেফাজতে নেওয়ার আবেদন জানানো হবে।

## ফল প্রকাশের দাবিতে বিক্ষোভ

● প্রথম পাতার পর

পরীক্ষার্থীরা বারবার প্রতিবাদ বিক্ষোভ আন্দোলনে শামিল হতে বাধ্য হচ্ছে। অবিলম্বে ফলাফল ঘোষণা এবং চাকুরীতে নিয়োগের ব্যবস্থা গ্রহণ না করলে তারা বৃহত্তর আন্দোলনে শামিল হবে বলে হুঁশিয়ারি দিয়েছে।

## হাওড়া-বর্ধমান শাখায় থমকে থমকে চলল ট্রেন, মধ্যরাতে চূড়ান্ত দুর্ভোগে যাত্রীরা

কলকাতা, ১০ সেপ্টেম্বর (হি.স.): হাওড়া-বর্ধমান শাখায় থমকে থমকে, ধীরে ধীরে চলল ট্রেন, এর ফলে শনিবার মধ্যরাতে চূড়ান্ত দুর্ভোগে পড়লেন যাত্রীরা। হাওড়া থেকে মেন লাইনে শেষ বর্ধমান লোকাল ১০.১০ মিনিটের পরিবর্তে ছেড়েছিল মিনিট তিনেক পরে, সেই ট্রেন থেমে থেমে চলেছে। হাওড়া কারশেডে লাইনে কাজ হচ্ছে। তাই এই সমস্যা দেখা দেয়, রেলের তরফে এ বিষয়ে কিছু জানানো হয়নি বলে ক্ষোভ প্রকাশ করেন যাত্রীরা।

রাতের দিকে হাওড়া থেকে মেন লাইনে পর পর তিনটি ট্রেন ছাড়ে। ১০.১০ মিনিটে বর্ধমান, ১০.২০ মিনিট এবং ১০.৩০ মিনিটে ব্যান্ডেল লোকাল ছাড়ে। শনিবার একই লাইনে পর পর ট্রেনগুলি দাঁড়িয়ে পড়ে। আটকে পড়ে অনেক দূরপাল্লার ট্রেনও। ডাউনেও ট্রেন চলাচল ব্যহত হয়। বহু জায়গায় ট্রেন থেকে লাফিয়ে নেমে লাইন ধরে হাঁটতে শুরু করেন যাত্রীরা। মধ্যরাত পর্যন্ত এই দুর্ভোগে পড়তে হয় যাত্রীদের।

## তৃতীয়বার কক্ষপথ বদলাল ভারতের সৌরযান, পৃথিবীর মায়া ত্যাগ করছে আদিত্য-এল ১

নয়াদিল্লি, ১০ সেপ্টেম্বর (হি.স.): সূর্যকে অন্বেষণের আকাঙ্খায় নির্দিষ্ট লক্ষ্যে এগিয়ে চলেছে ভারতের সৌরযান আদিত্য-এল ১। রবিবার সৌরযানের কক্ষপথ তৃতীয়বার বদল করা হল। ভোররাত ২.৩৪ মিনিট নাগাদ ইসরো এক্স মাধ্যমে জানিয়েছে, আদিত্য-এল ১-এর তৃতীয়বারের কক্ষপথ পরিবর্তন প্রক্রিয়া সফল হয়েছে। এর ফলে পৃথিবী থেকে আরও দূরে সরে গিয়েছে মহাকাশযানটি।

ইসরো এক্স মাধ্যমে আরও জানিয়েছে, আদিত্য-এল ১ এই মুহূর্তে ২৯৬ কিমি x ৭১,৭৬৭ কিমি কক্ষপথে অবস্থান করছে। ধীরে ধীরে পৃথিবীর মায়া ত্যাগ করছে ইসরোর সৌরযান। পৃথিবীর টানেই মোট পাঁচ বার সেটি কক্ষপথ বদল করবে। পঞ্চম বার কক্ষপথ বদলে পৃথিবীর মাধ্যাকর্ষণ বলের বাইরে বেরিয়ে যাবে আদিত্য-এল ১। ইসরো জানিয়েছে, চতুর্থবার কক্ষপথ বদল হবে আগামী ১৫ সেপ্টেম্বর ভোররাত ২.০০ মিনিট নাগাদ। আদিত্য-এল ১-এর লক্ষ্য ল্যাগরেঞ্জ পয়েন্ট বা এল ১ পয়েন্ট। এটি পৃথিবী থেকে ১৫ লক্ষ কিলোমিটার দূরের একটি 'হ্যালো' পয়েন্ট। যেখানে দাঁড়িয়ে সূর্যকে কাছ থেকে পর্যবেক্ষণ করা যাবে। ইসরো জানিয়েছে, সূর্যের পথে আদিত্য-এল ১-এর পরবর্তী কক্ষপথ পরিবর্তন করা হবে আগামী ১৫ সেপ্টেম্বর, ভোররাত ০২.০০ মিনিট নাগাদ।

## রাঁচীতে আবাসনের ছাদ থেকে ঝাঁপ দিয়ে মহিলার আত্মহত্যা, তদন্তে পুলিশ

রাঁচী, ১০ সেপ্টেম্বর (হি.স) : ঝাড়খণ্ডের রাঁচীর বারিয়াতু থানা এলাকার হরিহর সিং রোডের স্কাই ডেল আবাসনের ১০ তলা থেকে ঝাঁপ দিয়ে আত্মহত্যা করলেন এক মহিলা। মৃত মহিলার নাম—মধুবালা, বয়স ৪৯ বছর। ঘটনায় এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়েছে। পুলিশ জানিয়েছে, স্কাই ডেল আবাসনের চার তলায় স্বামী চন্দেশ্বর প্রসাদ ও ১০ বছরের সন্তান নিয়ে বসবাস করতেন মধুবালা। আবাসনের লোকেরা মধুবালার আত্মহত্যার বিষয়টি পুলিশকে জানায়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মৃতদেহ ময়নাতদন্তের জন্য পাঠায়।

মৃতা আত্মহত্যা করেছেন কিংবা কেউ তাঁকে ঠেলে ফেলে দিয়েছে, সেটা এখনও জানা যায়নি। পুলিশ জানিয়েছে, তদন্তের পরই মৃত্যুর আসল কারণ জানা যাবে। মৃতার স্বামী চন্দেশ্বর প্রসাদ জানান, শনিবার রাত পর্যন্ত সবকিছু ঠিকঠাকই ছিল। তিনি আরও জানান, তাঁর স্ত্রী ছেলের সঙ্গে ঘুমোতেন, আর তিনি একা ঘুমোতেন। রবিবার কখন তাঁর স্ত্রী ছেলের পাশ থেকে চলে গেছেন তিনি বুঝতেও পারেননি। পুলিশ এসে মধুবালার রক্তাক্ত দেহ উদ্ধার করে। চন্দ্রেশ্বর প্রসাদ শিক্ষা বিভাগে কাজ করেন।

## রেকর্ড জলবায়ু সহায়তা প্রতিশ্রুতি ঋষির, গ্রিন ক্লাইমেট ফান্ডে ২ বিলিয়ন ডলার দেবে ব্রিটেন

নয়াদিল্লি, ১০ সেপ্টেম্বর (হি.স.): রেকর্ড পরিমাণ জলবায়ু সহায়তার প্রতিশ্রুতি দিয়েছেন ব্রিটিশ প্রধানমন্ত্রী ঋষি সুনক। গ্রিন ক্লাইমেট ফান্ডে ২ বিলিয়ন ডলার দেবে ব্রিটেন। এই ঘোষণা করেছেন সে দেশের প্রধানমন্ত্রী ঋষি সুনক। রবিবার সকালে ভারতে ব্রিটিশ হাই কমিশন জানিয়েছে, 'প্রধানমন্ত্রী ঋষি সুনক ভারতে জি-২০ সমাপ্ত হওয়ার সঙ্গে সঙ্গে রেকর্ড জলবায়ু সহায়তার প্রতিশ্রুতি দিয়েছেন।'

ব্রিটিশ হাই কমিশন আরও জানিয়েছে, 'গ্রিন ক্লাইমেট তহবিলে ২ বিলিয়ন ডলার প্রদান করবে ব্রিটেন, যা বিশ্বকে জলবায়ু পরিবর্তন মোকাবিলায় সহায়তা করার জন্য ব্রিটেনের সবচেয়ে বড় একক তহবিল প্রতিশ্রুতি। গ্রিন ক্লাইমেট ফান্ডে ব্রিটেন ষ১.৬২ বিলিয়ন অবদান রাখবে, যা কোপ-১৫-এ কোপেনহেগেন চুক্তির পর ১৯৪টি দেশ দ্বারা প্রতিষ্ঠিত হয়েছিল।'

## শ্রদ্ধা জানালেন রাষ্ট্রপ্রধানরা

● প্রথম পাতার পর

**এক্স পোস্টে এক বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন :**

"পবিত্র রাজঘাটে জি২০ পরিবার মহাত্মা গান্ধীকে শ্রদ্ধা নিবেদন করেছে। গান্ধীজী হলেন শান্তি, সেবা, পরদুঃখকাতরতা এবং অহিংসার মূর্ত প্রতীক। বিভিন্ন দেশ আজ যখন এক জায়গায় মিলিত হয়েছে, তখন গান্ধীজীর কালজয়ী আদর্শ আমাদের বিশ্বজুড়ে সম্প্রীতি, সমন্বিত ও সমৃদ্ধ ভবিষ্যৎ গড়ে তোলার যৌথ প্রয়াসকে পথ দেখাচ্ছে।"

## আগরতলা - আখাউড়া

● প্রথম পাতার পর

রেলপথের নির্মাণ কাজ শুরু হয়। করোনা মহামারিসহ নানা সংকটে দেড় বছর মেয়াদি এই প্রকল্পের কাজ শেষ করতে সময় লেগেছে পাঁচ বছরেরও বেশি। আখাউড়ার গঙ্গাসাগর থেকে শুরু হয়ে আগরতলার নিশ্চিন্তপুর গিয়ে শেষ হয়েছে বহুল কাঙ্ক্ষিত এই রেলপথ। ১২ দশমিক ২৪ কিলোমিটার দৈর্ঘ্যের এই রেলপথের বাংলাদেশ অংশে পড়েছে ৬ দশমিক ৭৮ কিলোমিটার। রেললাইন পরীক্ষা-নিরীক্ষার জন্য কয়েক দফায় এই রেললাইনে চালানো হয়েছে ট্র্যাক কার। এখন উদ্বোধন ঘিরে চলছে শেষ মুহূর্তের প্রস্তুতি।

জানা গেছে, ইমিগ্রেশন ও কাস্টমস ভবন এবং প্ল্যাটফর্মের ফিনিশিংয়ের কাজ বাকি রয়েছে, যা শেষ করতে সময় লাগবে আরও মাস দেড়েক। এছাড়া নিশ্চিন্তপুর থেকে আগরতলা রেলস্টেশন পর্যন্ত কয়েক কিলোমিটার অংশে রেলপথ তৈরির কাজও পুরোপুরি শেষ হয়নি। ফলে আপাতত গঙ্গাসাগর থেকে নিশ্চিন্তপুর পর্যন্ত চলবে ট্রেন। পরবর্তীতে আগরতলা রেলস্টেশন পর্যন্ত বিস্তৃত হবে রেলপথটি।

আখাউড়া-আগরতলা রেলপথের বাংলাদেশ অংশটুকু ডুয়েলগেজ হলেও ভারতের অংশটুকু মিটারগেজ। এর ফলে আপাতত মিটারগেজ ট্রেন চলবে এ রেলপথে। তবে অচিরেই ভারতের অংশটুকুও ব্রডগেজে রূপান্তর হবে বলে জানিয়েছেন প্রকল্প সংশ্লিষ্টরা। স্বল্প দৈর্ঘ্যের এই রেলপথ কলকাতার সঙ্গে আগরতলার দূরত্ব কমাবে প্রায় ১ হাজার ১০০ কিলোমিটার। রেলপথ নির্মাণকারী ভারতীয় ঠিকাদারি প্রতিষ্ঠান টেক্সমেকো রেল অ্যান্ড ইঞ্জিনিয়ারিং লিমিটেডের কান্টি ম্যানেজার শরৎ শর্মা জানান, সম্পূর্ণ কাজ উদ্বোধনের পর শেষ হবে। এখনো কিছু ভবনে ইন্টরিয়রের কাজ বাকি আছে। তবে আখাউড়া-আগরতলা রেলপথ প্রকল্পের প্রকল্প পরিচালক (বাংলাদেশ অংশ) মো. আবু জাফর মিয়া বলেন, নিশ্চিন্তপুর পর্যন্ত রেলপথ প্রস্তুত থাকায় ট্রেন চলাচলে কোনো সমস্যা হবে না। আর রেলপথে পণ্য পরিবহন সহজ হওয়ায় প্রসার ঘটবে দুই দেশের ব্যবসা-বাণিজ্যের।

## থানায় মামলা মেয়ের

● প্রথম পাতার পর

পাষণ্ড স্বামী। তার পিছু ধাওয়া করে লাঠি দিয়ে আঘাত করেছে বলে জানায় ওই ছাত্রী। কলেজ পড়ুয়া ওই ছাত্রীর কাকা তার মাকে বাঁচাতে এগিয়ে আসলে তাকেও মারধর করে বলে অভিযোগ। এদিকে আহত বেনু পালকে রাতেই বিলোনিয়া হাসপাতালে নিয়ে যাওয়া হয়। অবস্থা সংকটজনক হওয়ায় বিলোনিয়া হাসপাতাল থেকে তাকে শান্তিরবাজার হাসপাতালে স্থানান্তর করা হয়। সমস্ত ঘটনা জানিয়ে কলেজ পড়ুয়া ছাত্রী তার বাবার বিরুদ্ধে নির্যাতনের অভিযোগ এনে সুনির্দিষ্ট ধারায় মামলা দায়ের করেছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় তীব্র চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। অভিযুক্তের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের দাবি উঠেছে।

## প্রশাসনের হস্তক্ষেপ দাবি

● প্রথম পাতার পর

ধরনের নিয়মকানুনকে তোয়াক্কা না করেই নিজেদের ইচ্ছা মতো গাড়ি ভাড়া আদায় করছে যাত্রী সাধারণের কাছ থেকে। গাড়ি ভাড়ার নামে এক ধরনের জুলুমই বলা চলে। যাত্রীদের তরফ থেকে প্রতিবাদ করতে গেলে সংশ্লিষ্ট চালকদের রক্তচক্ষুর মুখে পড়তে হয় বলে অভিযোগ। কিন্তু গাড়ি ভাড়ার নামে এধরনের জুলুম নিয়ে এলাকার জনপ্রতিনিধি থেকে শুরু করে রাজনৈতিক নেতারাও নীরব। কারো মুখেই কোন শব্দ নেই। অবিলম্বে এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য যাত্রী সাধারণের তরফ থেকে জোরালো দাবি জানানো হয়েছে। অন্যথায় যেকোনো সময় যাত্রীরা পথ অবরোধসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবীতে আন্দোলনে নামতে পারেন বলে যথেষ্ট আশঙ্কা রয়েছে। এ ধরনের ঘটনা ঘটলে প্রশাসনকেই দায়ী থাকতে হবে বলেও আগাম হুঁশিয়ারি দেওয়া হয়েছে।

## ৬ ছিনতাইকারী

● প্রথম পাতার পর

আটক করে ছিনতাইবাজের গাড়ি সহ ৬ জনের একটি গ্যাং। উদ্ধার ছয়টি মোবাইল সহ বহু ধারালো অস্ত্র। অভিযুক্তদের বিরুদ্ধে বিশালগড় থানায় ছিনতাই মামলা নেওয়া হয় যার নাম্বার ৯৩/২০২৩,ভারতীয় দণ্ডবিধি ৩৯৫/৩৮২-ই/৩২৩/৫০৬ আইপিসি ধারায় মামলা গ্রহণ করা হয়েছে। উক্ত মামলার আইও সাব-ইন্সপেক্টর অসিত ভট্টাচার্য। ঘটনার বিবরণের জানা যায় শনিবার রাতে ধলাই জেলার দামছড়া এলাকা এক ব্যক্তি তার বাবা বর্তমানে টি এম সি তে ভর্তি। সে বাবার শরীরের সুস্থতা কামনা করার লক্ষ্যে উদয়পুর ত্রিপুরেশ্বরী মায়ের মন্দিরে যায় আগরতলা টাউন প্রতাপগড় এলাকার দুই বন্ধুর সঙ্গে। পূজো দিয়ে দুই বন্ধুকে নিয়ে বাড়ি ফেরার পথে বিশালগড় গোকুলনগর রাস্তারমাথা বন্ধন ব্যাংকের সামনে তাদের বাইকের তেল শেষ হয়ে যায়। তিনজন বন্ধু স্থির করেন রাস্তা দিয়ে চলার পথে যদি কারো কাছ থেকে তেল পাওয়া যায় তাহলে তেল নিয়ে সামনের দিকে এগিয়ে যাবে। হঠাৎ করে টিআর০১ বিভি০৬৫৩ নাম্বারে একটি হুন্ডাই গাড়ি সহ আরেকটি গাড়ি করে মোট ১২ জনের এক ছিনতাই বাজের দল সেই ৩ জনের যুবকের পথ আটকায়।তাদেরকে বেধড়ক মারধর করে তাদের কাছ থেকে পাঁচ হাজার দশ টাকা, একটি রিয়েল মি টেন প্রো মোবাইল ছিনতাই করে নিয়ে যায়। অসহায় অবস্থায় সে তিন যুবক তাদের হাতে পায়ে ধরে প্রাণ ভিক্ষা চায়। পরবর্তী সময়ে নির্জন এলাকায় তাদেরকে ছিনতাইবাজের দল হুমকি দেয় যদি এই ঘটনা পুলিশকে জানানো হয় তাহলে তাদেরকে প্রাণে মেরে ফেলা হবে। জানাযায় দামছড়া সেই যুবকের সঙ্গে থাকা আগরতলা প্রতাপগড় সুভাষনগরে যুবক কোনরকম ভাবে প্রানে বেঁচে উত্তম ভক্ত চৌমুহনিতে থাকা বিশালগড় থানার নাকা পয়েন্টের দায়িত্বে থাকা সাব-ইন্সপেক্টর মৃদুল মজুমদারকে সে ঘটনা জানানোর পর সঙ্গে সঙ্গেই পুলিশ সমস্ত মোবাইলের রাতে কর্তব্যরত পুলিশকে ঘটনা জানিয়ে দেয়।বিশালগড় থানার পুলিশ মুহূর্তের মধ্যেই হুন্ডাই গাড়ি সহ ৬ জনের ছিনতাইকারীর দল উত্তম ভক্ত চৌমুহনী নাকা পয়েন্ট হয়ে আগরতলার উদ্দেশ্যে যাওয়ার পথে পুলিশ গাড়িটিকে আটক করে এবং গাড়িতে থাকা সেই ছয়জন ছিনতাইবাজকে গ্রেফতার করে। পাশাপাশি ছিনতাইবাজদের হাতে আক্রান্ত সেই তিন যুবক স্পষ্টভাবে চিহ্নিত করতে পারে সে ছয়জনকেই।তাদেরকে মারধর করে তাদের কাছ থেকে যে মোবাইল ফোন ও নগদ পাঁচ হাজার দশ টাকা টাকা ছিনতাই করে নিয়ে যায়। পুলিশ গাড়িতে তল্লাশি চালিয়ে সে নগদ পাঁচ হাজার দশ টাকা উদ্ধার করে এবং একটি বড় কিরিচউদ্ধার করেছে। অন্যদিকে দ্বিতীয় গাড়িটি ঘটনাস্থল থেকে পালিয়ে যায়। পুলিশ সেই ছয়জনের ছিনতাইকারী দলকে থানায় নিয়ে আসে। তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণ করা হয় অভিযুক্তরা হলো যথাক্রমে অন্তর মিয়া (১৮) বাড়ী বিশালগড় কমলাসাগর মিয়া পাড়া, সুশান্ত দেব (২৪) কমলাসাগর দেবীপুর নতুন কলোনি, সাগর নমঃ (১৯) কমলাসাগর নতুন কলোনি, জুয়েল মিয়া (২০) কমলাসাগর মিয়া পাড়া, সুমন মিয়া (১৯) কমলাসাগর মিয়াপাড়া, বাপন মিয়া বয়স (২৩) কমলাসাগর মিয়া পাড়া, অন্যদিকে দ্বিতীয় গাড়িটিসহ অভিযুক্তদের গ্রেপ্তার করতে মাঠে নেমেছে বিশালগড় থানার পুলিশ।

## চুরি গেল বাইক

● আটের পাতার পর

বের হয়ে সে দেখতে পায় তার বাইকটি নেই। অনেক খোঁজাখুঁজির পর বাইকটি না পেয়ে অবশেষে ধর্মনগর থানায় প্রশাসনের শরণাপন্ন হয়। থানার পুলিশ তার অভিযোগ লিপিবদ্ধ করে তদন্ত শুরু করেছে। উল্লেখ্য এই নিয়ে বেশ কয়েকটি পালসার বাইক ধর্মনগর শহরের বুক থেকে উধাও হয়ে গেল। পূর্বে একবার ক্রমাগত বাইক চুরির পর একটি গোপন সূত্র ধরে ধর্মনগর থানার পুলিশ পার্শবর্তী রাজ্য আসামের পাথারকান্দি থেকে বেশ কিছু বাইক উদ্ধার করেছিল। এবারে এই চুরি কাণ্ড রুখতে পুলিশ উদ্যোগ গ্রহণ করুক, দাবী স্থানীয়দের।

## ৫ম সম্মেলনে অনুষ্ঠিত উদয়পুরে

● আটের পাতার পর

করেন সংগঠনের সম্পাদক উত্তম চক্রবর্তী ও আজকের অনুষ্ঠানের সভাপতি তাপসেন্দ্র দাস। সম্মেলনে ত্রিপুরার বিভিন্ন মহকুমা থেকে আগত কার্যকারী কমিটির সভাপতি, সম্পাদক, কোষাধ্যক্ষ সহ সদস্য -সদস্যাদের উপস্থিতিতে সংগঠনকে মজবুত করার জন্য গুরত্বপূর্ণ আলোচনা করা হয়। সম্মেলনে সম্পাদকীয় প্রতিবেদন ও অর্থনৈতিক প্রতিবেদন পাঠ করেন সংগঠনের সাধারণ সম্পাদক উত্তম চক্রবর্তী। প্রতিবেদনের উপর গঠন মূলক ও সমালোচনা মূলক আলোচনা করেন যথাক্রমে শান্তির বাজার বিভাগের চন্দন নন্দী,সাব্রুম বিভাগের সম্পাদক বনবিহারী চক্রবর্তী, কমলপুর বিভাগের ভিয়েতনাম, আমবাসা বিভাগের প্রেঁমচাদ দেবনাথ, অমরপুর বিভাগের রুপন চক্রবর্তী, বিলোনিয়া বিভাগের রঞ্জিত দেবনাথ, ,কুমারঘাট বিভাগের সুভাষ দত্ত, বিশালগড় বিভাগের সভাপতি প্রদীপ দত্ত, সোনামুড়া বিভাগের আশীষ ভট্টাচার্য, মোহনপুর বিভাগের স্বদেশ চৌধুরী,তেলিয়ামুড়ার পরিমল পাল, খোয়াই বিভাগের মৃনাল নাথ শর্মা , ধর্মনগর বিভাগের অলক কুমার দে , উদয়পুর বিভাগের সম্পাদক অপুরাম সরকার সহ অন্যান্য পুস্তক ব্যবসায়ীবৃন্দ। সম্মেলন থেকে দাবি উঠে আগামী শিক্ষা বর্ষ থেকে সমস্ত পাঠ্য বই দি অল ত্রিপুরা বুক সেলারসএন্ড পাবলিশার্স অ্যাসোসিয়েশন নামক সংগঠনের মাধ্যমে বিতরন করার দাবি নিয়ে শিক্ষা মন্ত্রী ও শিক্ষা সচিবের নিকট মিলিত হওয়ার প্রস্তাব গ্রহন করার কথা উঠে আসে। এখনও পর্যন্ত সরকারী ভাবে বিদ্যালয় গুলোতে মূল্যের বিনিময়ে নবম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত বই বিতরণ করেছেন। প্রথম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত সমস্ত বই দি অল ত্রিপুরা বুক্স সেলারসএন্ড পাবলিশার্স অ্যাসোসিয়েশনের মাধ্যমে শিক্ষার্থীদের হাতে বিতরণের জন্য প্রয়োজনে মোচলেখা দিয়ে প্রকাশ্য ঘোষনা দিতে প্রস্তুত সংগঠনের সদস্যরা।আজকের এই সম্মেলনে উপস্থিতর সংখ্যা ছিলো লক্ষণীয়। এই সম্মেলন থেকে বর্তমান মুখ্যমন্ত্রী সংগঠনের সদস্যদের আবেদনে সাড়া দিয়ে সদর্থক আলোচনা

# দুই অর্ধের দুই গোলে ফরোয়ার্ড-এগিয়ে চলো-র ভাইটাল ম্যাচ ড্র-তে নিষ্পত্তি

## ফরোয়ার্ড ক্লাব: ১ এগিয়ে চলো সংঘ:১

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১০ সেপ্টেম্বর।। খেলা হবে সুপারফোরে। প্রথমার্ধে ফরওয়ার্ডের গোলটা দ্বিতীয়ার্ধে এগিয়ে চলো সংঘ যেভাবে শোধ করে খেলায় সমতা ফিরিয়ে আনলো। সেটা দেখে মনে হল, দু-দলই মূল খেলাটা খেলবে সুপার ফোরের লড়াইয়ে। এযাত্রায় দুই দলই অনেকটা নিশ্চিত হয়ে যাচ্ছে যে তারা সুপারফোরে পৌছুবে। সেই লক্ষ্যেই মূলতঃ আজ ড্র ম্যাচে কোনও দলের তেমন কোনও আফসোস দেখা দেয়নি। তবে প্রথমার্ধের শেষ সময়ে পেনাল্টি থেকে ফরওয়ার্ডের গোলটাকে কিছুতেই মেনে নিতে পারছে না এগিয়ে চলো সংঘের কোচ। ফরওয়ার্ডের প্ল্যান ছিল অন্যরকম। প্রথমার্ধে ভালো মার্জিন নিয়ে দল এগিয়ে থেকে দ্বিতীয়ার্ধে রক্ষণাত্মক ভঙ্গিমায় খেলার কথা ছিল। কিন্তু মাঠের পরিস্থিতি খেলার প্ল্যান পাল্টে দিয়েছে। ফের ভাইটাল ম্যাচ ড্র-তে নিষ্পত্তি হয়েছে। এগিয়ে চলো সংঘ বনাম ফরওয়ার্ড ক্লাবের হাইভোল্টেজ ম্যাচ দুই অর্ধের দুই গোলে অমীমাংসিত ভাবে খেলাটি শেষ হয়েছে। দুই দল এক-এক করে পয়েন্ট ভাগাভাগি করে নিয়েছে। চার ম্যাচের শেষে এগিয়ে চলো সংঘের পয়েন্ট ১০। অপরদিকে সম সংখ্যক ম্যাচ খেলে ফরোয়ার্ড ক্লাবের পয়েন্ট ৮। তৃতীয় ম্যাচে ত্রিবেনী সংঘের সঙ্গে গোলশূন্য ড্র করেছিল। স্থানীয় উমাকান্ত মিনি স্টেডিয়ামে আজকের খেলায় প্রথমার্ধের শেষ সময়ে পেনাল্টি থেকে ফরওয়ার্ড ক্লাবের ছংথাম সিং একটি গোল করে দলকে লিড এনে দেয়। দ্বিতীয়ার্ধ শুরুতে এগিয়ে চলো সংঘ গোলটি শোধ করার লক্ষ্যে সুযোগ খুঁজতে থাকে। খেলার ৬৭ মিনিটের মাথায় মাল সোয়াম দুঙ্গা গোলটি প্রতিশোধ করে খেলায় সমতা ফিরিয়ে আনে। পরবর্তী সময়ে স্বভাবসুলভ দুই দলের আক্রমণ প্রতি আক্রমণ পরিলক্ষিত হলেও জয়সূচক গোলের সন্ধান আর কেউ দিতে পারেনি। তবে দুই অর্ধের খেলায় রেফারি দু-দলের পাঁচজনকে হলুদ কার্ড দেখিয়ে সতর্ক করেন। ম্যাচ পরিচালনায় ছিলেন রেফারি সত্যজিৎ দেব রায়, আদিত্য দেববর্মা, বিপ্লব কুমার সিনহা ও শিবজ্যোতি চক্রবর্তী দিনের খেলা: বীরেন্দ্র ক্লাব বনাম ফ্রেন্ডস ইউনিয়ন, বিকেল সাড়ে তিনটায় উমাকান্ত মিনি স্টেডিয়ামে।

# জাতীয় আসরে রাজ্য দলের খেলোয়াড়দের সাফল্যে রাজ্য সংস্থার সভাপতির বাড়িতে হামলা

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১০ সেপ্টেম্বর।। বহি:রাজ্যে জাতীয় টুর্নামেন্টে রাজ্য দলের খেলোয়াড়রা সাফল্য পাবে, আর এদিকে রাজ্য সংস্থার সভাপতির বাড়িতে প্রকাশ্য দিবালোকে দুষ্কৃতিকারীদের হামলা-হুজ্জুতি। এ যেন রাজ্য ক্রীড়া সংস্কৃতিতে নতুন অপসংস্কৃতির আমদানি হয়েছে। অনেকটা এ ধরনেরই অনভিপ্রেত ঘটনা ঘটেছে আজ। ক্রীড়ামোদী মহলের অভিযোগ এ ধরনের। ত্রিপুরা ব্যাডমিন্টন এসোসিয়েশনের সভাপতি প্রদীপ কুমার সাহার বাড়ি উজান অভয়নগরে, পূর্ব আগরতলা থানার অধীন। শান্তিকামী সংঘের সন্নিকটে। সেখানটাই বেলা সাড়ে দশটা থেকে ১১ঃ০০ টার মধ্যে প্রায় ৪০ জনের মতো দুষ্কৃতিকারীদের দল ওনার বাড়িতে অতর্কিতে হামলা চালায়। লোহার রডে আঘাত সহ ঘুসি, লাথিতেও উনাকে আহত করেছেন বলে তিনি অভিযোগ করেছেন। জোর করে সাদা কাগজে স্বাক্ষর নিয়ে নেয়। উদ্দেশ্য ত্রিপুরা ব্যাডমিন্টন অ্যাসোসিয়েশনের সভাপতি পদ থেকে পদত্যাগ করার কথা বলে। সিনিয়র সিটিজেন প্রদীপ কুমার সাহা যথারীতি নাম ধামসহ নিকটবর্তী থানায় এফ আই আর দায়ের করেন।

# অনূর্ধ-৯ রাজ্যভিত্তিক দাবায় মেট্রিক্সের অন্তরীপ, আরাধ্যা সেরা

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২০ সেপ্টেম্বর।। দাপট অব্যহত শেষ দিনেও অব্যহত মেট্রিক্স চেস আকাদেমির দাবাড়ুদের। প্রত্যাশিতভাবেই রাজ্য সেরা হলো অন্তরীপ আচারিয়া এবং আরাধ্যা দাস। রাজ্য অনূর্ধ-৯ দাবা প্রতিযোগিতায়। দুদিনব্যাপী রাজ্য আসর শেষ হয় রবিবার। এন এস আর সি সি-র দাবা হলঘরে হয় আসর। শনিবার প্রথম দিন থেকেই দাপট দেখিয়ে আসছিলো মেট্রিক্স চেস আকাদেমির দাবাড়ুরা। রবিবার চতুর্থ রাউন্ডের শেষে শীর্ষে ছিলো অন্তরীপ এবং রুদ্র মজুমদার। শেষ রাউন্ডে অন্তরীপ জয় পেলেও অপ্রত্যাশিতভাবে লড়াই করে হেরে যায় রুদ্র। আসরে ৫ ম্যাচে সাড়ে ৪ পয়েন্ট পেয়ে রাজ্য সেরা হয় মেট্রিক্স চেস আকাদেমির আন্তরীপ আচারিয়া। ৪ পয়েন্ট পেয়ে দ্বিতীয় স্থান দখল করে আদ্রুশ কর্মকার। সমসংখ্যক পয়েন্ট পেয়ে পীতম্বর দেবনাথ তৃতীয়, সাড়ে ৩ পয়েন্ট পেয়ে ভোকলসে রুদ্র মজুমদার চতুর্থ এবং অভ্রনীল দে পঞ্চম স্থান দখল করে। বালিকা বিভাগে প্রত্যাশিতভাবেই অপরাজিত চ্যাম্পিয়ন হয়েছে আরাধ্যা দাস। ৪ রাউন্ডে পুরো ৪ পয়েন্ট পেয়ে। সাড়ে ৩ পয়েন্ট পেয়ে নিলাক্ষী দেবনাথ দ্বিতীয়, ৩ পয়েন্ট পেয়ে নাভ্যা দে,আড়াই পয়েন্ট পেয়ে অদ্রিজা সাহা এবং ২ পয়েন্ট পেয়ে ঐশানি ভৌমিক পঞ্চম স্থান দখল করে। খেলা পরিচালনা করেন আন্তর্জাতিক আরবিটর প্রদীপ কুমার রায়। প্রতি বিভাগের প্রথম দুই দাবাড়ু জাতীয় আসরে খেলার যোগ্যতা অর্জন করেছে। রাজ্য সেরা হওয়া দুই দাবাড়ুকে অভিনন্দন জানিয়েছেন মেট্রিক্স চেস আকাদেমির কর্ণধার প্রসেনজিৎ দত্ত এবং আগরতলা শাখার কোচ কিরীটী দত্ত।

# জাতীয় জুনিয়র ফুটবলের জন্য রাজ্য দল ঘোষিত

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১০ সেপ্টেম্বর।। জাতীয় জুনিয়র ফুটবল টুর্নামেন্টের জন্য রাজ্য দল ঘোষণা করা হয়েছে। আগামী ২৬ সেপ্টেম্বর থেকে ৪ অক্টোবর পর্যন্ত অন্ধ্রপ্রদেশের অনন্তপুরমে জাতীয় জুনিয়র বালকদের ফুটবল চ্যাম্পিয়নশিপ ২০২৩-২৪ অনুষ্ঠিত হবে। এতে অংশ নিতে ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন ইতোমধ্যে প্রাথমিক বাছাই পর্বের শেষে ২১ সদস্য বিশিষ্ট রাজ্য দল গঠন করেন।

টিএফএ সচিব অমিত চৌধুরী আজ, রবিবার রাজ্য দলের খেলোয়ারদের নাম ঘোষণা করেন। উল্লেখ্য, ২-১-২০১০ থেকে ৩১-১২-২০১১ তারিখের মধ্যে যাদের জন্ম, তারাই এই টুর্নামেন্টে অংশ নিতে পারছে। রাজ্য দলটি হল: জিউস চাকমা, অজয় সূত্রধর, অমিত দেববর্মা, মৃণাল কুমার চাকমা, রমজান মিয়া, উইলসন দেববর্মা, মেসি মলসম, জ্যাকশন জমাতিয়া, ইমানুয়েল ত্রিপুরা, জরা জমাতিয়া, সুব্রত সিনহা, জেসিস ডার্লং, থিনাঙ্গ দেববর্মা, ধনকুমার জমাতিয়া, আপন দে, অভিসেন দেববর্মা, রণবীর দেববর্মা, রবিউল হাসান, আয়ুস দেববর্মা, বেরডম দেববর্মা, ভিক্টর হালাম।

দলের সঙ্গে রয়েছেন কোচ অনিমেষ দেব এবং ম্যানেজার তপজ্যোতি দেবনাথ। যথাসময়ে রাজ্য দল অন্ধ্রপ্রদেশের উদ্দেশ্যে রওয়ানা হবে বলে ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন থেকে জানানো হয়েছে।

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি

উন্নত মুদ্রণ

সাদা, কালো, রঙিন

নতুন ধারায়

রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস

জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন

প্রভূবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১

মোবাইল ঃ- ৯৪৩৬১২৩৭২০

ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

# আইজিএম হাসপাতালে রোগী মৃত্যুর অভিযোগ চিকিৎসকের বিরুদ্ধে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১০ সেপ্টেম্বর।।** আবারো চিকিৎসার গাফিলতির অভিযোগ হাসপাতালের বিরুদ্ধে। ঘটনা রবিবার সকালে আগরতলা আইজিএম হাসপাতালে। চিকিৎসার গাফিলতিতে মৃত্যু এক গৃহবধূর। মৃতার নাম প্রতিমা রুদ্র পাল(৩৬)। বাড়ি কোনাবন এলাকায়। ঘটনার বিবরণে জানা গেছে, রবিবার সকালে জ্বর এবং শ্বাসকষ্টজনিত সমস্যা নিয়ে আগরতলা আইজিএম হাসপাতালে ভর্তি হয় প্রতিমা রুদ্র পাল।

ভর্তির সময় ডাক্তার জানায় রোগীর অবস্থা ভালো নয়। সে অনুযায়ী ডাক্তার চিকিৎসা শুরু করে। সেলাইন লাগিয়ে ডাক্তারকে চলে যায়। কিছু সময় পরে এসে এক নার্স রক্ত পরীক্ষার জন্য রক্ত সংগ্রহ করে যাওয়ার পরেই রোগী ছটফট করতে থাকে। রোগীর পরিবারের অভিযোগ রোগীর অবস্থা গুরুতর হওয়ার পরেই ডাক্তার বা নার্স তাকে দেখতে আসেননি।

রোগী ছটফট করলে রোগীর আত্মীয় পরিজনেরা ডাক্তারকে ডাকলে ডাক্তার আসেন। তিনি জানান রোগী মৃত্যুর কোলে ঢলে পড়েছে। তাতেই কান্নায় ভেঙে পড়েন রোগীর আত্মীয় পরিজনেরা। পরবর্তীতে তারা জানতে পারেন রোগীকে নাকি রেফার করা হয়েছিল। তবে কেন রোগীর পরিজনদের এই কথা জানানো হয়নি, তা নিয়ে প্রশ্ন দেখা দিয়েছে। ঘটনায় হাসপাতালের বিরুদ্ধে চিকিৎসায় গাফিলতির অভিযোগ তুলেছেন মৃতার আত্মীয় পরিজন।

## পুজার থিম

# ভারতরত্ন সংঘে হচ্ছে নীলকণ্ঠধাম



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১০ সেপ্টেম্বর।।** সামনেই দুর্গোৎসব। প্রতি বছরের ন্যায় এ বছরেও শহরের বড় বাজেটের পূজা কমিটিগুলো তাদের প্রস্তুতি শুরু করে দিয়েছে।

শহরের বড় বাজেটের পূজার মধ্যে উল্লেখ যোগ্য একটি পূজা কমিটি হল ভারতরত্ন সংঘ। উষা বাজারের ঐতিহ্যবাহী ক্লাব ভারতরত্ন সংঘ প্রতিবছরই হিন্দু সনাতন ধর্মের বিভিন্ন বিখ্যাত মন্দির তাদের পূজো মন্ডপে ফুটিয়ে তোলে। এ বছরে যে তার ব্যতিক্রম হবে না পাশাপাশি দর্শক সমাগম যে হবে অনেকটাই তা আর বলার অপেক্ষা রাখে না।

এবছর তাদের থিম হচ্ছে গুজরাটের নীলকন্ঠ ধাম মন্দির। নীলকান্ত ধাম একটি চোখ ধাঁধানো, কল্পনাপ্রসূত এবং দর্শনীয় মন্দির।

মন্দিরটি যেখানে অবস্থিত তা এক কথায় অপূর্ব। নর্মদা নদীর পবিত্র জলরাশি, পাহাড়ের গোলকধাঁধা, নানা রকমের উদ্ভিদ ও প্রাণীজগৎ, সবুজ ও সবুজ বাগান, পাহাড় ও উপত্যকা, ঘাসের মাঠ, সুগন্ধি ফুলের গাছপালা, আর কী না যা অনায়াসে আপনাকে মন্ত্রমুগ্ধ করতে পারে। এবছরের পুজো মণ্ডপে পুরো মন্দিরটাই তুলে ধরবেন ভারতরত্ন সংঘ। এবারের পূজার বাজেট রয়েছে ৩০ লক্ষ টাকা।

মন্ডপ সজ্জায় রয়েছেন নবদ্বীপের শিল্পীরা। প্রতিমা শিল্পী হিসেবে থাকবেন আগরতলা আর্ট কলেজের প্রাক্তন ছাত্র বলে জানান ক্লাবের সম্পাদক প্রভাকর ঘোষ।

# এইচ এফ টির স্বাস্থ্য শিবির উষা বাজারে



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১০ সেপ্টেম্বর।।** হেপাটাইটিস ফাউন্ডেশন অব ত্রিপুরার উদ্যোগে আজ এক স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়েছে উষা বাজারস্থিত বিন পাড়ায় এইচ এফ টি মেডিকেল মিশন কমপ্লেক্সে।

শিবিরে বিশেষজ্ঞ চিকিৎসকগন শতাধিক রোগীকে চিকিৎসা পরামর্শ দিয়েছেন।শিবিরে রোগীদের রোগ নির্ণয়ে ইসিজি, ব্লাড সুগার, লিপিড প্রোফাইল, এলএফটি, পিএফটি,ইউরিক এসিড, হেপাটাইটিস বি এবং হেপাটাইটিস সি ইত্যাদি পরীক্ষা করা হয়েছে। শিবিরে চিকিৎসা পরামর্শ দিয়েছেন, ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা সভাপতি ডা প্রদীপ ভৌমিক, সভাপতি ডা এন এল ভৌমিক, ডা ইন্দ্রজিৎ পাল, ডা বিডি সাহা, ডা মনিরুল ইসলাম, ডা মীনাক্ষী ভৌমিক,ডা নবনীতা দাস প্রমূখ।

# পুলিশি সহায়তায় নাবালিকার বিয়ে আটকে দিলো চাইল্ড লাইন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১০ সেপ্টেম্বর।।** প্রশাসনের কড়া নির্দেশ উপেক্ষা করে রাজ্যে এখনো নাবালিকা বিয়ে দেওয়ার চেষ্টা অব্যাহত রয়েছে। অবশ্য পুলিশ ও চাইল্ড লাইনের প্রচেষ্টায় এসব বিয়ে প্রায় বন্ধ করে দেওয়া সম্ভব হচ্ছে। ধলাই জেলায় পুলিশের সহায়তায় এক নাবালিকার বিয়ে রুখে দিল ধলাই চাইল্ড ওয়েলফেয়ার কমিটি এবং চাইল্ডলাইন। ঘটনা কমলপুর নগর পঞ্চায়েতের ১১ নং ওয়ার্ডের কলেজ চৌমুহনি এলাকায়। জানা যায়, ঊনকোটি জেলার পেচারথল থানা এলাকার প্রয়াত গোপাল চক্রবর্তীর ১৪ বছরের নাবালিকা মেয়ে নবম শ্রেণিতে পাঠরত। জনৈক যুবকের সাথে ভালবাসায় আবদ্ধ হয় সে। নাবালিকা মেয়ের বড়ভাই দুর্লভ চক্রবর্তী ভালবাসার কথা জানতে পেরে চার দিন আগে নাবালিকাকে বিয়ে দেওয়ার সিদ্ধান্ত নিয়ে কমলপুর নগর পঞ্চায়েতের ১১ নং ওয়ার্ডের বাসিন্দা হিমাংশু চক্রবর্তী নামে এক আত্মীয়র বাড়িতে পাঠিয়ে দেন। এই ঘটনার খবর পেয়ে কমলপুর থানার মহিলা পুলিশ ধলাই চাইল্ড ওয়েলফেয়ার কমিটি এবং ধলাই চাইল্ড লাইন কর্মীদের গিয়ে আইনগতভাবে আলোচনা করে নাবালিকার বিয়ের সিদ্ধান্ত রুখে দেন। তাতে স্বস্তি পেয়েছে নাবালিকার পরিবার।

# শিশু হত্যায় অভিযুক্তকে যাবজ্জীবন কারাদন্ড

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১০ সেপ্টেম্বর।।** ধলাই জেলার রইস্যাড়ি থানা এলাকায় এক শিশুকে হত্যার দায়ে অভিযুক্তকে যাবজ্জীবন কারাদন্ড ও আর্থিক জরিমানার নির্দেশ দিয়েছে জেলা ও দায়রা জজ আদালত। ঘটনার বিবরণে জানা যায় ,গত ১৯/০৯/২০১৯ রইস্যাবাড়ি থানার অন্তর্গত দেশরায় পাড়ার ২৩ বছরের যুবজ হেমন্ত ত্রিপুরা পিতা রইশ্যামনি ত্রিপুরা বাড়ির পাশে ধানের জমিতে কাজ করছিলেন। হেমন্ত দেখতে পান যে ধানের জমির আইল থেকে পোকা তুলছিল তিন বন্ধু। হেমন্ত তখন সে জমিতে কাজ করছিলেন। এই পোকা তুললে জমির আইল নষ্ট হবে। সে তাদের পোকাগুলো তুলতে বাধা দেন। এই তিন বন্ধু না কথা না শোনায় উত্তেজিত হয়ে এগিয়ে এসে ধারালো অস্ত্র দিয়ে আঘাত করেছিল। ভয়ে তিন শিশু বন্ধু মধ্যে দুইজন পালিয়ে যায়। কিন্তু একজন পালাতে পারেনি । তাকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে নৃশংসভাবে হত্যা করে হেমন্ত ত্রিপুরা। এনিয়ে রইস্যাবাড়ি থানায় মামলা হয়। যার কেস নং এসটি(টি-১)০৬/২০২০ফাইল নং২০/২০১৯রইস্যাবাড়ি থানা। এই কেসের আইও ছিলেন এস.আই সুলেমান রিয়াং। ধলাই জেলার জেলা ও দায়রা জজ গৌতম সরকার অভিযুক্তকে দোষী সাব্যস্ত করে যাবজ্জীবন কারাদণ্ড ও আর্থিক জরিমানার নির্দেশ দেন।

# তিন মাস ধরে বেতন পাচ্ছেনা অঙ্গনওয়াড়ি কেন্দ্রের ১২ জন হেলপার

**নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ১০ সেপ্টেম্বর।।** বিলোনিয়া মহকুমার ঋষ্যমুখ ব্লক এলাকায় মোট এগার জন অ্যাডাল্ট শিক্ষক দের বেতন বন্ধ হয়ে আছে। গত তিন মাস ধরে তারা বেতন পাচ্ছেনা এই নিয়ে নানা সমস্যার মধ্যে পড়তে হয়েছে সংশ্লিষ্ট শিক্ষকদের, অনেক বছর আগে ব্লক এলাকায় অ্যাডাল্ট শিক্ষক নিয়োগ করা হয়েছিল, বয়স্ক শিক্ষা প্রকল্প বন্ধ হয়ে যাওয়ায় সেই সব অ্যাডাল্ট শিক্ষকদের বিভিন্ন অঙ্গনওয়ারি কেন্দ্রে হেলপার পদে কাজ করে আসছে। এই অ্যাডাল্ট শিক্ষকরা বর্তমানে সমাজ কল্যাণ দপ্তরের অধীন রয়েছে,এতদিন সব ঠিকঠাক চললেও গত জুন মাস থেকে তাদের বেতন দেওয়া হচ্ছে না, জানা গেছে ঋষ্যমুখ ব্লক এলাকায় এগার জন অ্যাডাল্ট শিক্ষক রয়েছে, তাদের পারিশ্রমিক বেতন ভাতা দেওয়া হয় ৬,৪২০ টাকা, জানা যায় গত জুন মাস থেকে এখন পর্যন্ত মোট তিনমাস ধরে কোনো বেতন পাচ্ছে না। এই অবস্থায় তাদের জীবন যাপনে নানা সমস্যা দেখা দিয়েছে, বারবার দপ্তরের নজরে নেওয়া হলেও এখন পর্যন্ত কাজের কাজ কিছুই হয়নি ,সংবাদ সুত্রে জানা গেছে, সংশ্লিষ্ট কর্মীদের বেতনের বিল দপ্তর থেকে বিলোনিয়া ট্রেজারি অফিসে পাঠানো হয়েছে ,কিন্ত প্রশাসনিক গ্যাড়াকলে সেই বিল গুলি ট্রেজারি অফিস থেকে পাস করে দেওয়া হচ্ছে না, প্রশাসনিক গ্যাড়াকলে বঞ্চিত হচ্ছে সংশ্লিষ্ট এগার জন অ্যাডাল্ট শিক্ষক।

# ফের ধর্মনগরের বুক থেকে চুরি গেল বাইক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১০ সেপ্টেম্বর।।** ক্রমাগত উত্তর জেলা সদর ধর্মনগরে চোরের উপদ্রব বৃদ্ধি পাচ্ছে। এখন চোরের দল ঘরবাড়ি বাদ দিয়ে বাইক চুরির দিকে বেশি মনোযোগী হয়েছে। তার মধ্যে পালসার বাইক চুরির ঘটনা ধর্মনগরে সর্বাধিক। রবিবার ধর্মনগরের বিবেকানন্দ সার্ধশতবার্ষিকী ভবনে চলছিল কনটেম্পোরারি ফাউন্ডেশন ফর আর্ট এন্ড ক্রাফটের এক অনুষ্ঠান। এ অনুষ্ঠানে একটি পালসার বাইক যার নম্বর টি আর ০৫ ই৫০০৫, বাইকটি ছিল কালো রঙের ১২৫ সিসির বাইক। বিরাজ ধর দক্ষিণ নয়াপাড়া ত্রিপুরেশ্বরী শিশু তীর্থ স্কুল সংলগ্ন এলাকায় তার বাড়ি সে এসেছিল অনুষ্ঠানে তার কাজে। বেশ অনেকগুলি বাইক একসাথে দাঁড়া করানো ছিল। ☞ ৬ এর পাতায় দেখুন

# বিশ্ব আত্মহত্যা প্রতিহত দিবস উপলক্ষে রাজধানীতে র‍্যালি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১০ সেপ্টেম্বর।।** বিশ্ব আত্মহত্যা প্রতিহত দিবস উপলক্ষে রবিবার আগরতলায় এক সচেতনতামূলক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। ইন্ডিয়ান সাইক্রিয়াটিক সোসাইটির উদ্যোগে এই রেলি সংঘটিত করা হয়। রেলীটি আইএমএ অফিসের সামনে থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। রেলির আনুষ্ঠানিক সূচনা করেন আইএমএ-র সভাপতি ডঃ সঞ্জীব দেববর্মা। এদিন রেলিতে অংশগ্রহণ করে আইএমএ সভাপতি সঞ্জীব দেববর্মা বলেন গত কয়েক বছর ধরে আমাদের রাজ্যে আত্মহত্যার সংখ্যা ব্যাপক হারে বৃদ্ধি পেয়ে চলেছে। এই রাজ্যে আত্মহত্যার হার দেশের অন্যান্য রাজ্যের চেয়ে অনেক বেশি। তথ্য দিতে গিয়ে তিনি বলেন আত্মহত্যার জাতীয় গড় হল এক হাজারে বারো জন। অথচ ত্রিপুরায় এ হার ২০.০৮ শতাংশ। মোট মৃত্যুহার এর ৩৯ শতাংশই আত্মহত্যা জনিত বলে উল্লেখ করেন তিনি। ডঃ সঞ্জীব দেববর্মা বলেন আত্মহত্যা কোন রোগ নয়। আত্মহত্যা হলো কোনো একটি ঘটনার প্রতিফলন। যুবক যুবতীদের মধ্যেই আত্মহত্যার প্রবণতা সবচেয়ে বেশি বলে তিনি উল্লেখ করেন। কর্মসংস্থানের অভাবসহ নানা কারণে মানসিকভাবে বিপর্যস্ত হয়েই আত্মহত্যার ঘটনা বৃদ্ধি পেয়ে চলেছে। আত্মহত্যার প্রবণতা বন্ধ করতে সবাই মিলে ঐক্যবদ্ধভাবে চেষ্টা চালাতে হবে বলে তিনি উল্লেখ করেন।ম

# পূর্ব থানার উদ্যোগে ক্লাবগুলিকে নিয়ে বৈঠক অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১০ সেপ্টেম্বর।।** আগরতলা পূর্ব থানার অন্তর্গত বিভিন্ন ক্লাবের প্রতিনিধিদের নিয়ে রবিবার পূর্বথানার প্রশাসনিক আধিকারিকদের উপস্থিতিতে এক বৈঠক অনুষ্ঠিত হয়েছে। মূলত শারদীয়ার প্রস্তুতি নিয়ে এদিনের বৈঠকে আলোচনা করা হয়েছে। এদিনের এই বৈঠকে উপস্থিত ছিলেন সদর মহকুমা পুলিশ আধিকারিক দেবপ্রসাদ রায়, পূর্ব আগরতলা থানার দায়িত্বপ্রাপ্ত ইনচার্জ রানা চ্যাটার্জি সহ অন্যান্য দায়িত্বপ্রাপ্ত আধিকারিকরা। এদিন শহরের প্রায় শতাধিক ক্লাবের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। মূলত শারদীয়া দুর্গোৎসব যেন শান্তিপূর্ণভাবে সম্পন্ন করা যায়, সেই বিষয়ে এদিনের বৈঠকে আলোচনা করা হয়। ক্লাবগুলির বিভিন্ন দপ্তরে গিয়ে জল, রাস্তা, বিদ্যুৎ এইসব বিষয়ে অনুমতি নিতে গিয়ে হয়রানির শিকার হতে হয় বলে অভিযোগ ছিল। সেই বিষয়ে কিভাবে সমস্যার সমাধান করা যায় সেই বিষয়েও এদিন আলোচনা করা হয়েছে বলে জানিয়েছেন প্রশাসনিক আধিকারিকেরা

# কাঞ্চনজঙ্ঘা ঃ বিলোনিয়ায় স্টপেজের দাবিতে বিক্ষোভ সিপিএমের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১০ সেপ্টেম্বর।।** উত্তর-পূর্ব রেলওয়ে কর্তৃপক্ষ সাবরুম থেকে কাঞ্চনজঙ্গা এক্সপ্রেস শিয়ালদা পর্যন্ত চালানোর সিদ্ধান্ত গ্রহণ করায় বিভিন্ন মহল থেকে ইতিমধ্যেই সন্তোষ ব্যক্ত করা হয়েছে। সাব্রুম থেকে যাত্রা শুরু করে উদয়পুরে স্টপেজ দেবে কাঞ্চনজঙ্ঘা। তারপর স্টপেজ দেবে আগরতলা স্টেশনে। এক্ষেত্রে বিলোনিয়া স্টেশনে স্টপেজ দেওয়ার আপাতত কোন ব্যবস্থা নেই। তাতে তীব্র অসন্তোষ ব্যক্ত করেছে বিলোনিয়াবাসী। বিলোনিয়াবাসীর এই আবেগকে সামনে তুলে ধরে রবিবার বিলোনিয়া রেল স্টেশনে প্রতিবাদ বিক্ষোভ প্রদর্শন করেছে সিপিআইএম বিভাগীয় কমিটি। সংগঠনের পক্ষ থেকে বিলোনিয়া রেল স্টেশনে স্টেশন ম্যানেজারের কাছে ডেপুটেশন ও স্মারকলিপি প্রদান করা হয়েছে। অবিলম্বে বিলোনিয়া স্টেশনে কাঞ্চনজঙ্গা এক্সপ্রেস এর স্টপেজ দেওয়ার জন্য তারা জোরালো দাবি জানিয়েছেন। এ সংক্রান্ত দাবী সংশ্লিষ্ট একটি স্মারকলিপি উত্তর-পূর্ব রেলওয়ে কর্তৃপক্ষের কাছেও পাঠানো হয়েছে। প্রতিলিপি জেলাশাসক এবং মহকুমা শাসকের কাছেও প্রদান করা হবে বলে জানিয়েছেন সিপিআইএম বিলোনিয়া বিভাগীয় নেতৃবৃন্দ। এদিন বিক্ষোভ আন্দোলন চলাকালে সাংবাদিকদের মুখোমুখি হয়ে নেতৃবৃন্দ বলেন এই দাবি শুধুমাত্র সিপিআইএম দলের দাবি নয় বিলোনিয়ার সর্বস্তরের মানুষের দাবি। রেলওয়ে কর্তৃপক্ষ এই দাবি মেনে বিলোনিয়া স্টেশনে কাঞ্চনজঙ্গা এক্সপ্রেস এর স্টপেজ দেওয়ার ব্যবস্থা না করলে দল মতের উর্ধে ওঠে সকলকে নিয়ে বৃহত্তর আন্দোলন গড়ে তোলা হবে বলে জানানো হয়েছে।

# ৫ম সম্মেলনে অনুষ্ঠিত উদয়পুরে

**নিজস্ব প্রতিনিধি, উদয়পুর, ১০ সেপ্টেম্বর।।** দি অল ত্রিপুরা বুক সেলারসএন্ড পাবলিশার্স অ্যাসোসিয়েশনের ৫ম প্রতিনিধিত্ব মূলক সম্মেলন অনুষ্ঠিত হয় আগরতলা প্রেস ক্লাবে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন তাপসেন্দ্র দাস। মঙ্গল প্রদীপ প্রজ্জ্বলন ☞ ৬ এর পাতায় দেখুন

# দেবদারু বাজারে বাজেপির উদ্দ্যোগে এক বিজয় মিছিল



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১০ সেপ্টেম্বর।।** বক্সনগর ও ধনপুর বিধানসভাকেন্দ্রের উপনির্বাচনের ফলাফলের আনন্দে মাতোয়ারা রাজ্যবাসী। উপনির্বাচনে বিজেপি প্রার্থীর হয়ে প্রচারে অংশগ্রহন করেছিলো জোলাইবাড়ী বিজেপির কর্মীসমর্থকরা। মন্ডল সভাপতি অজয় রিয়াং এর নেতৃত্বে সকলে বিজেপি মনোনিত প্রার্থীকে জয়লাভ করানোর লক্ষ্যে ঝাপিয়ে পরেছেন। এখন উপনির্বাচনের ফলাফলে বিজেপি মনোনিত প্রার্থীর জয়ে আনন্দে মাতোয়ারাহয়ে সকলে বিজয় মিছিলকরছেন। রবিবার জোলাইবাড়ী মন্ডল বিজেপির উদ্দ্যোগে দেবদারু বাজারে বিজেপি কর্মীসমর্থকদের উপস্থিতিতে এক সুবিশাল বিজয় মিছিল সংগঠীত করাহয়।

আজকের এই বিজয় মিছিলে উপস্থিত ছিলেন জোলাইবাড়ী বিধানসভা কেন্দ্রের মুক্তির কান্ডারী মন্ডল সভাপতি অজয় রিয়াং, বিজেপির দক্ষিন জেলার সহ সভাপতি চাথই মগ, যুব নেতৃত্ব পুলক ভৌমিক, বুথ সভাপতি রূপক সেন সহ বিজেপির অন্যান্য নেতৃত্ববৃন্দরা। আজকের এই মিছিলের মাধ্যমে আসন্ন লোকসভা নির্বাচনে জোলাইবাড়ী বিধানসভা কেন্দ্রথেকে বিজেপি মনোনিত প্রার্থীকে বিপুল ভোটে জয়যুক্ত করার অঙ্গীকারবদ্ধহন।



রবিবার ২০নং বুথ কর্তৃক আয়োজিত রক্তদান শিবিরে উপস্থিত ছিলেন মেয়র দীপক মজুমদার ও বিজেপি প্রদেশ সভাপতি রাজীব ভট্টাচার্য। ছবি-নিজস্ব।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।